বাল্যাকি রামায়ণ।

অযোধ্যাকাও।

ocpe

কলিকাতান্ত গ্ৰণমেন্ট বাজালা পাঠশালার শিক্ষক

শ রাশক্ষল ভট্টাচার্য্য কর্তৃক


বাজালা ভাষান্ত

কলিকাত।।

নং ৩৫, বেণিয়াটোলা লেন, রায় বজে, ইলেণ্ড্রাম গ্রেকার দাবা মুজিত,

> শ্রীপ্রিয়নাথ চক্রবর্তী কর্তৃক মন্তবার প্রকাশিত। সঙ্গাধা ১২৮৫।

> > **資本本 3500 |**



কলিকাতাই গ্রথমেন্ট বাহুলো পাঠশালার শিক্ষক

শুরামক্মল ভট্টানের্ব্য কর্ত্তক

বাঙ্গালা ভ ধার অনুবাণিত।

কলিকাতা।

नः ७৫. বেণিয়াটোলা লেন, রায় যন্তে,

क्षीवायुक्ताम मुख्यान बाह्य मूक्तिक,

শ্ৰীপ্ৰিয়নাথ চক্ৰবৰ্ত্তী কৰ্তৃক ক্ষৰাৱ প্ৰকাশিত।

10 ttil -1 ttil 1 -

बन्नाका ३२४०।

मकाका ३४००।

বিজ্ঞাপন।

মহর্ষি বাল্মীকি রচিত রামায়ণ অতি উৎকৃষ্ট গ্রন্থ। অনেকেই আদর ও ভক্তি করিয়া পাঠ করিয়া থাকেন। বাঙ্গালা ভাষায় তাহার অনুবাদ করিলে সর্ব্ব সাধারণের পাঠোপুযোগী হইতে পারে, এই ভাবিয়া কলিকাতান্ত গবর্ণমেণ্ট বাঙ্গালা পাঠশালার শিক্ষক প্রীহরানন্দ ভট্টাকার্য্য এই গ্রন্থের অনুবাদ করিতে আরম্ভ করিয়াছিলেন। কিন্তু একাকী সমৃদায় অনুবাদ করা বহুদিন-সাধ্য বলিয়া ক্ষান্ত হন। পরে বহড়ুনিবাদী এীযুক্ত বাবু হরনাথ ভঞ্জ মহাশয় উৎসাহ দেওয়াতে উক্ত ভট্টাচার্য্য অনুবাদের নিমিত্ত আমাকে অনুরোধ করেন, অনন্তর আমরা উভয়ে এক এক কাণ্ড করিয়া অনুবাদ করিতে আরম্ভ করি, হরানন্দ ভট্টাচার্য্য আদিকাণ্ডের এবং আমি অযোধ্যাকা-ণ্ডের অনুবাদ করিয়াছি। ইহা অবিকল অনুবাদ নহে। যে যে স্থানে পুনরুক্তি ও বিশেষণের

বাহুল্য আছে, সে সমুদায় পরিভ্যক্ত হইয়াছে।
কিন্তু ইতির্ভের অন্যথা করা হয় নাই। এক্ষণে
পাঠকগণ অনুকল্পা পূর্বকৈ গ্রহণ ও এক এক
বার পাঠ করিলেই আমি কৃতকৃত্য হইব।

কলিকাতা বাঙ্গলো পাঠশালা ১৩ই অগ্রহারণ, নন১২৬৫ ৻

জীরামক্ষল শক্ষা।



অবোধ্যাকাও।

একদা রাজা দশরথ সভাসদাণ-বেষ্টিত হইরা সিংহাসনে শাসীন আছেন, এমন সমরে পুরবাসী প্রজাগণ একত্র কৈইরা তথার উপস্থিত হইল এবং কৃতাঞ্জলি হইরা বিনীত-বচনে নিবেদন করিল, মহারাজ! আপনার জ্যেষ্ঠ পুত্র শীমান রামচন্দ্র অতি স্থশীল, ধর্মপরায়ণ, নীতিবিশারদ ও কার্যাধ্বন্ধর হইয়াছেন। আমাদিগের বাঞ্চা এই, আপনি ভাহাকে যৌবরাজ্যে অভিষক্ত করেন।

রাজা পূর্ব্বেই মানস করিয়াছিলেন, রাসচক্রকে রাজ্যে অভিষিক্ত করিবেন। এক্ষণে প্রজাগণ সেই প্রার্থনা করাতে অভিশন্ন প্রাত হইরা মহর্ষি বশিষ্ঠদেবকে সংঘাধন করিয়া বলিলেন, ভগবন্! রামচক্রের রাজ্যাভিষেকবিষরে প্রজাগণের অভিশন্ন আগ্রহ দেখিতেছি এবং মনোহর মধুমাসও সমাগত হইয়াছে, আপনি যদি প্রসন্ন হইয়া অনুমতি প্রদান করেন, এই শুভ সময়ে তাঁহাকে যৌবরাজ্যে অভিষক্ত করি।

রামচক্র কাহারো অপ্রের ছিলেন না। তাঁহার অভি-ষেকের কথা শ্রবণ করিয়া বশিষ্ঠদেব অতিশয় হাই হইয়া কহিলে, মুহারাজ্ব ! রামকে রাজ্যে অভিবিক্ত করিবেন, ইহাব পর আহলাদের বিষয় আর কি আছে। এ বিষয়ে অফুমতি গ্রহণের অপেকা নাই। আপনি এখনি অভি-বেক-সামগ্রী আহরণ করুন এই বলিয়া অভিষেক-দ্রব্য সকল নির্দিষ্ট করিয়া দিলেন।

রাজা বশিষ্ঠদেবের অসুমতি প্রাপ্ত ইব্যা তৎক্ষণাৎ অমাতাবর্গকে আহ্বান করিয়া অভিবেচনিক দ্রবাসামগ্রী সংগ্রহ করিতে আদেশ করিলেন। ভ্তাগণকে রাজসদন, নগর ও চতুষ্পথ স্থাভিত করিতে অমুমতি দিলেন এবং রামকে আনরন করিবার নিমিত্ত স্থারকে প্রেরণ করি-লেন। স্থার রাজনিদেশ প্রাপ্ত ইইবামাত্র অভিমাত্র হাই ছইয়া অবিলম্থে শ্রীরামের নিকট গমন করিয়া বলিলেন, ন্পনন্দন! মহারাজ আপনাকে রাজ্যে অভিষিক্ত করিবার সক্ষর করিয়া দেখিবার বাসনা করিতেছেন। আমি তাঁহার আদেশাসুসারে রথ আনরন করিয়াছি, রথে আরোহণ করুন, এই বলিয়া তাঁহাকে রথারাছ, করিয়া রাজগোচরে লইয়া গোলেন। রাজকুমার পিতার চরণে প্রণাম করিয়া কৃতাঞ্জলিপুটে সম্মুপে দণ্ডায়মান হটলেন।

নরপতি নব-নীরদ শাম রামচক্রের অরুপ্ম রূপলাবণ্য নিরীক্ষণ করিয়। অতিশয় আনন্দিত হইলেন এবং তাঁথাকে ক্রোড়ে লইরা আলিক্ষন ও মুখচুখন করিয়া মণিময় আসনে উপবেশন করাইলেন। রাজতনয় আসনে উপবিষ্ট হইলে পর, রাজা তাঁহাকে বলিলেন, বংস! তুমি আমার জাঠ পুত্র এবং সর্বস্থিণাকর; প্রজাগণ তোমার প্রতি অভাস্ত অমুবক্ত; অতএব তৃমি যৌবরাজ্যে অধিরচ্ হইয়া প্রজা-দিগকে স্কৃত-নির্বিশেষে প্রতিপালন কর। এইরপ আজ্ঞা করিয়াশ গৃহাভাস্তরে প্রবেশ করিলেন। প্রজাবর্গ ও পারি-ফালণ হাইচিত্র হইয়া স্ব স্থানে প্রস্থান করিলেন। নৃপ-কুমারও পিতৃ-আজ্ঞালাভে আ্ঝাকে চরিতার্থ থোধ করিয়া জননীকে এই শুভ সমাচার দিবার নিমিত্ত অন্তঃপুরে প্রবেশ করিলেন।

রাজমহিবী কোশল্যা পুরমণ্যে পুত্রের অভিবেকবার্তা শ্রবণ করিয়া আনন্দসাগরে মগ্ন হইয়া সত্ফনয়নে পুত্রেব আগমন পথ নিরীক্ষণ করিতেছিলেন, এমন সময়ে জীরাম অন্তঃপুরে উপস্থিত হইলেন, এবং জননীর চরণে প্রণাম করিয়া বিনীতবচনে নিবেদন করিলেন, মাতঃ! অদ্য পিতা আমাকে প্রজাপালনের ভার গ্রহণ করিতে আদেশ করিয়াছেন।

রাজী প্রিয়তনরের সুধাময় বাক্য শ্রমণ করিয়া আনন্দ-গদাদ স্বরে কছিলেন, বৎদ! তুমি চিরজীবী ছইয়া নিদ্ধ-ন্টকে রাজ্য ভোগ কর, ভোমার শক্রগণ নিহত হউক; থেক্ষণে তুমি স্থমিত্রার চরণে প্রণাম করিয়া তাঁহাকে এই ভূত সমাচার প্রদান করিয়া আইন।

শ্রীরাম মাতৃ-মাজ্ঞাক্রমে লক্ষণের সহিত স্থমিত্রার নিকটে উপস্থিত হইয়া তাঁহার চরণে প্রণাম করিয়া মাপন মভিষেকবার্তা নিবেদন করিলেন। স্থমিত্রা শ্রবণ করিয়া আফ্লাদে পরিপূর্ণ হইয়া তাঁহাকে আশীর্কাদ করিবেন। অনস্কর তিনি তথা হইতে বিদায় লইয়া স্থীয় আবাসে গমন করিলেন।

এ দিকে নরপতি পুনর্কার বশিষ্ঠদেবকে আহ্বান্ধ করিয়া কহিলেন, মহর্ষে! আপনি বেদবিৎ, মন্ত্রক্ত ও আমাদিগের কুলগুরু; আমাদিগের কুলাচার সমস্তই অবগত আছেন। কলা শ্রীরাম যৌবরাজ্যে অভিবিক্ত হটবেন। অভিষেকের পুর্বেক কি ক অহুষ্ঠান করিতে হটবে, আপনি সে সমস্ত বিশেষ করিয়া বলিয়া দিন এবং রাম ও জনকনন্দিনীকে সংযত ও উপোষিত থাকিতে আজ্ঞা করুন। তপোনিধি তথাস্ত বলিয়া শ্রীরামের সন্নিধানে উপস্থিত হটলেন এবং তাঁহার সমুচিত সৌজ্ঞা ও বিনয় দর্শনে পরিতৃষ্ট হইয়া বলিলেন, নৃপকুমার! রাজা তোমার প্রতি প্রসন্ন হইয়া আজ্ঞা করিয়াছেন, অদ্য তুমি কৈদেহীর সহিত সংযত ও কতোপবাস হইয়া থাক, কল্য তোমাকে যৌবরাজ্যে অভি-

রাজতনর কুলগুরুর আদেশারুসারে জনকচ্ছিতাব সহিত সংযত হইরা অভিষেক-পূর্ব্বাহ-কর্ত্তবা পূজাহোমাদি কার্যো ব্যাপৃত হইলেন। ঋষিরাজ রাজনির্বানে প্রত্যাগমন-পূর্ব্বক শ্রীরামের অধিবাস-বার্তা প্রদান করিয়া স্বস্থানে গমন করিলেন। নরপতি পুত্রের অধিবাস-কৃত্য শ্রবণ করিয়া আনন্দসাগরে নিময় হইলেন।

এ দিকে, রাজপুরুষেরা নুপনিদেশাত্রসারে নগরী স্থাো-

ভিত করিল। পুরবাসীরা অভিষেক-মহোৎসবের ঘোষণা প্রবণ করিয়া আহ্লাদে পরিপূর্ণ ও কৌতুকাবিষ্ট হইয়া নগর-শোভাসন্দর্শনার্থ ধাবমান হইল। দেখিল, রাজভবন বিচিত্র •শোভায় শোভিত হইয়াছে। অট্টালিকা সকল চিত্রবিচিত্র হইয়াছে। রাজমার্গে ধ্বজপতাকা উড্ডীয়মান হইতেছে। নগরীর কোন স্থানে গান, কোন স্থানে নৃত্য, কোন স্থানে বাদ্যোদাম, কোপায় বা কোলাহল ধ্বনি হইতিছে। বন্দিগণ স্ততিপাঠ করিতেছে, দীনগণ প্রচুর অর্থলাভে পরিতৃষ্ট হইয়া আশীর্কাদ করিতেছে। ভৃত্যেরা বহুম্বা পারিতোষিক পাইয়া আহ্লাদ প্রকাশ করিতেছে। ক্রমশং দর্শনোৎস্ক জ্বনগণে নগরী পরিপূর্ণ ও রাজপথ সংকুল হইয়া উঠিল। অযোধ্যাবাদী সকলেই আনন্দস্বিলে ভাসমান হইতে লাগিল।

এই সময়ে কৈকেয়ীর পরিচারিণী মন্থরা যদৃচ্ছাক্রমে প্রাসাদশিথরে অধিরু হইয়াছিল। দেখিল, নগরমধ্যে মহা মহোৎসব হইতেছে। কিন্তু কি কারণে এরুপ সমারোহ, তাহা জানিবার নিমিত্ত নিতাস্ত ব্যগ্রচিত্ত হইয়া পার্ম্বর্থিকী ধাত্রীকে জিজ্ঞাসা করিল, ধাত্রি ! অদ্য নগরমধ্যে এরুপ মহেৎসব দেখিতেছি, কারণ কি ? ধাত্রী কহিল, মন্থরে ! রাজা প্রিয়পুত্র রামচক্রকে রাজ্যে অভিবিক্ত করিবেন, তরিমিত্ত নগরে মহোৎসব হইতেছে। পরভত-দেখিণী পাণীয়সী মন্থরা এই বাক্য শ্রবণে ঈর্মান্ত ও কোপকলুষিত হইয়া ফ্রান্তগদে কৈকেয়ীর নিকট

গমন করিল। কৈকেয়ী শ্য়ন করিয়াছিলেন। মস্তরা তাঁহাব পাখে উপবিষ্ট হটয়া বলিতে লাগিল, দেবি! তৃমি নিশ্চিন্ত হইয়া শ্য়ন করিয়া আছ, আপনার শুভাশুভ বৃঝিতে পার না; কেবল বুথাসোভাগ্যে গর্ঝিত হইয়া প্রামত্তের ন্যায় কাল হরণ করিতেছ!

কৈকেয়ী মন্থরা-বাক্যের অবসান পর্যান্ত প্রতীক্ষা করিতে না পারিয়া জিজ্ঞাসা করিলেন, মন্থরে! তুমি এত কুল্ব হইয়াছ কেন? অদ্য তোমাকে তঃখিত দেখিতেতি, ইহারই বা কারণ কি? মন্থরা কহিল দেবি! আর আমাকে তঃখের কথা জিজ্ঞাসা করিতেছ কেন? তোমাব ছঃগেই আমার ছঃখ। রাম রাজা হইয়া অকণ্টকে রাজ্যভোগ করিবে, তোমার সপত্নী কৌশল্যা রাজ্মাতা বলিয়া জনসমাজে সম্বোধিত ও সমাদৃত হইবে, তোমাকে তাহার দাসীর ন্যায় অধীন হইয়া কালক্ষেপ করিতে হইবে। ইহার পর তঃথের বিষয় আর কি আছে? অত এব যাহাতে রাম রাজা হইতে না পারে, শীঘ্র তাহার উপায় চিন্তা কর।

কৈকেয়ী, রাম রাজা হইবেন শুনিয়া আফ্লাদে পুল-কিত হইয়া বলিলেন, মন্তরে ! তুমি আমাকে যে প্রিয়কথা শ্রবণ করাইলে, তোমাকে তহুপযুক্ত কি পুর্জার দিব। রাম রাজ্যেশ্বর হইবেন, ইহা অতিশয় আনন্দের বিষয়। এই বলিয়া অঙ্গ ইইতে আভরণ উল্মোচন করিয়া মন্থরাকে প্রদান করিলেন।

মছরা কৈকেয়ীর তাদৃশ ব্যবহার-দর্শনে ক্রোধে নিতান্ত

অধীর হইয়া উঠিল এবং প্রীতিদত্ত অলকার দ্বে
নিক্ষেপ করিয়া উভেজনা-বাক্যে কহিতে লাগিল, দেবি!
তুমি যে তুস্তর ত্ঃথলাগরে ময়প্রায় হইয়ছ, তাহা
ব্ঝিতে পারিতেছ না ? কপট, ধার্ম্মিক, মিথ্যা প্রিয়বাদী,
তোমার ভর্তা প্রবঞ্চনাগর্ভ প্রিয় বাক্যে তোমাকে বিমোচিত্ত করিয়া সপত্মী কৌশল্যাকে সমস্ত সম্পত্তি প্রদানে
উদ্যত হইয়াছেন, তাহা তুমি জানিতে পাবিতেছ না ?
ছষ্টাশয় নরপতি ভরতকে রাজ্যলাভে বঞ্চিত করিবার
মানসে তাঁহাকে মাতুলালয়ে প্রেরণ করিয়াছেন, ইহা
তোমার বোধগয়া হইতেছে না ? তুমি রাজবংশে জনিয়া
ও রাজমহিষী হইয়া নুপচাতুর্যা ব্রিতে পার না, আশ্চর্যের
বিষয় ! এইয়পে বারংবার ভর্তেনা করিতে লাগিল।

ন্ত্রীজাতির মন স্বভাবতঃ অতি লঘু ও লোভ মোহের
নিতান্ত বশীভূত। কিশেষতঃ কেকয়নন্দিনী ঘৌবন কালে
মহাতেজন্বী অষ্টাবক্রের অঙ্গবৈকল্য অবলোকন করিয়া
উপহাস করিয়াছিলেন। ঋষিয়াজ কোণাবিষ্ট হইয়া
তাহাকে এই অভিশাপ প্রদান করেন, রে পাণীয়িসি!
তুই যেমন যৌবনমদে মত্ত হইয়া আমাকে পরিহাস
করিলি, তেমনি তোর জগন্মগুলে চিঃস্থায়িনী অকীর্জি
হইবে। নেই অভিশাপবশতঃ কৈকেয়ীর ছর্ম্মতি ঘটল।
রামের রাজ্যাভিষেকের ব্যাঘাত করিলে যে বছতর অনর্থ ও
লোকে অকীর্ত্তি হইবে, শাপপ্রভাবে তাহা বিবেচনা
করিতে পারিলেন না। স্কতরাং তাহার মনে অভিষেক

ব্যাঘাত করিবার প্রবৃত্তি জন্মিল। তিনি মন্থরার প্রলোভন বাক্যে লোলুপ হইয়া বলিলেন, মন্থরে! মহারাজ রামকে প্রাণ অপেকাও অধিক ভাল বাসেন, তিনি তাদৃশ প্রিয়পুত্তকে পরিত্যাগ করিয়া ভরতকে রাজ্য ,প্রদান করিবেন কেন?

কুটিলহাদয়। মছরা কহিল, দেবি ! আপনি সে নিমিত্ত চিস্তিত হইবেন না, মহারাজ যাহাতে রামকে নির্কালিত করিয়া ভরতকে রাজ্য প্রদান করেন, আমি সে উপায় বলিয়া দিতেছি। তদকুসারে কার্য্য করিলেই তোমার অভীষ্ট দিছ হইবে।

পূক্র কালে শম্ব নামে অন্তরের সহিত দেবগণের
ঘোরতর সংগ্রাম হয়। শধ্র সমরে সাতিশ্য ছর্ম্ব ছিল।
স্থরগণ স্বল্পলাল মধ্যেই তাহার নিকট পরাত্ত হইলেন।
অনস্তর দেবরাক্ষ রাজা দশর্পের নিকট সাহায্য প্রার্থনা
করিলেন। দশর্প সমরাঙ্গনে গমন করিয়া ছর্জ্জন্ম দানবকে
পরাজ্য করিলেন। কিন্তু স্বন্ধং রণস্থলে অরিশর প্রহারে
ক্ষেত্রশরীর হইলেন। তিনি গৃহে প্রত্যাগত হইলে তুরি
সাতিশ্য যত্মসহকারে শুক্রবা দারা তাঁহার ত্রণ বিরোপণ
করিয়াছিলে। তিরমিত্ত তিনি অতিশ্যু সন্তুষ্ট ১ইয়।
তোমাকে বর্দ্বয় প্রদান করিতে উদ্যুত হন। তৎকালে
গ্রহণ না করিয়া এই কথা বলিয়াছিলে, যথন আমার ইচ্ছা
হইবে, সেই সময়ে আমি বর গ্রহণ করিব। তিনি তথাস্ত

অবসর হইরাছে। তুমি অঙ্গ হইতে অলকার উন্মোচন कतिया भनिमत्तरण धृनिभयाय भयन कतिया थाक। ताला তোমার তাদৃশ অবস্থা দর্শন করিয়া অবশাই ছু:খিত হুটবেক এবং নানাবিধ প্রিরবাক্য দ্বারা তোমাকে সান্তনা করিবার চেষ্টা পাইবেন সন্দেহ নাই। কিন্তু তুমি কিয়ৎক্ষণ তাঁহার সহিত বাক্যালাপ না করিয়া মৌনভাবে অবস্থান করিও। পশ্চাৎ যথন তিনি নিতান্ত কাতর হইয়া আগ্রহ পূর্বক তোমাকে ভূমি হইতে তুলিয়া তাদৃশ আচরণের কারণ জিজ্ঞাসা করিবেন, তথন তুমি তাঁহার নিকটে সেই অঙ্গীকৃত বরন্বয় প্রার্থনা করিয়া এক বর দ্বারা ভরতের রাজাভিষেক ও অন্য দারা রামের চতুর্দশ বর্ষ বনবাস বাচ্ঞা করিবে। তিনি তোমার নিকট সত্যপাশে বদ্ধ আছেন, তোমার প্রার্থনা পরিপুরণে কদাপি পরাল্যুথ হইতে পারিবেন না।

কৈকেয়ী মন্থরার বাক্য শ্রবণ করিয়া অতিশয় আনন্দিত হইলেন এবং তাহাকে সাধুবাদ করিয়া কহিলেন, মন্থরে! তুমি আমার ষথার্থ হিতৈষিনী; তোমার তুলা বুদ্ধিমতী আর দেখিতে পাই না। ভরত রাজ্যে অভিষিক্ত হইলে আমি তোমাকে নানাবিধ ংক্লালন্ধারে ভ্ষিত কবিব। এই বলিয়া অবিলখে ধরাতলে শয়ন করিয়া রহিলেন।

এই অবসরে রাজা দশরণ প্রিয়তনয় রামচক্রের অভি-বেক-সমাচার দ্বারা প্রিয়মহিনী কৈকেয়ীকে সম্ভোষিত েকরিবার মাননে প্রফুল্লচিত্ত হইয়। অন্তঃপুরে প্রাবশ করি-ালেন। দেখিলেন, প্রিরতমা আলুলারিতকেশা মলিন-েবেশা আনাপার নাায় ধরাশবাায় শগুন করিয়া আছেন। क्रमार्ग जिनि निजास काजर प्र अकास चरिशा धरेटलन। তাঁহার মনে মনে কত শকা ও কত ভাবনা উপস্থিত হুটতে - नातिन। **डिनि स्मध्**त वात्का विद्याना कवित्तन, श्रित्व। তোমার এরপ অবস্থা দেখিতেছি কেন ? তুমি কি নিনিত্ত · মলিন বেশে ও বিষপ্তবদনে ভূমিতে শয়ন করিয়া আছ? তোমাকে কে কি বলিয়াছে? কে তোমার অপ্রিয় কর্ম্ম করিতে বাসনা করিয়াছে ? কে বা তোমার প্রিয়বস্ত অপ-হরণ করিতে উদাত হইয়াছে ? কে বা তোমার অবমা-ননা করিতে সাহসী হইয়া জলন্ত অনলশিখায় হস্তকেপ করিয়াছে? তুমি আমার রাজালন্মী, আমি মনেও তোমার অপ্রিয় চিন্তা করি না। তোমরি নিমিত্ত জলে নিম্প্র হইতে পারি, অগ্নিতে প্রবিষ্ট হইতে পারি এবং প্রাণও পরিতাাগ কবিতে পারি। আমি বিনয়বচনে বলিতেছি. তুমি প্রদল্ল হইয়া আমার বাক্য রক্ষা কর; রোষ পরি-ত্যাগ করিয়া ধরতেল হটতে উত্থিত হও। তোমার তংব দেখিয়া আমার অস্তঃকরণ অতিশ্র বাাকুল হইতেছে। ্হু:থের কারণ বলিয়া সামার উৎকণ্ঠিত চিত্তকে পরিতপ কর। আমি তোমার নিকট অঙ্গীকার করিতেছি, ভূমি - বা বলিবে, ভাহাই করিব। কেকয়নন্দিনী রাজার এইকপ কাতরতা দর্শনে ভূমি হইতে উত্থিত হইয়া কহিলেন, নাথ। কেই আমার অপকার বা অব্যাসনা করে নাই। আমার একটা প্রার্থনা আছে, যদি আপনি সেই প্রার্থনা পূর্ণ করিবেন অঙ্গীকার করেন, তাহা হইলে আপনকার অগ্রে অভিপ্রায় ব্যক্ত করি।

রাজ্য কৈকেয়ীর অসদভিসন্ধি ব্বিতে না পারিয়া বলিলেন, প্রিয়ে! তাহার আশ্চর্ফ্য কি; তোমার কি প্রার্থনা আমাকে বল। আমি অবশ্যই তাহা সম্পন্ন করিব।

তথন সেই পাপীয়সী হাই হইয়া কছিল, মহারাজ !
আপনি পূর্বে আমাকে বরষয় দিবেন, অঙ্গীকার করিয়ান
ছিলেন, এক্ষণে সেই অঙ্গীকার পূর্ণ করুন ৷ আপনি
ভরতকে রাজ্য প্রদান করেন এবং রামকে চতুর্দশ্যর্বের
নিমিত্ত বনবাস দেন এই আমার প্রার্থনা ৷

ভূপতি এই নিদাকৰী বাকা শ্রবণ করিবামাত্র শরসংবিদ্ধ কুরক্ষের নাম বিচেতন হইয়া ভূতলে পতিত হইলেন। কিয়ৎক্ষণ পরে তাহার চৈতনা হইল; তথন
তিনি আরক্তনয়ন হইয়া দীর্ঘ নিমাস পরিত্যালপ্রকা
কৈকেয়ীকে কহিলেন, হা নৃশংসে! তোমার মনে মনে এই
অভিমন্তি ছিল যে, রামকে বনঝস দিয়া ভরতকে রাজা
করিবে ? রাজাহ সর্ব্বেণাকর জ্যেষ্ঠ পুত্র রাম বিদ্যমানে
কি রূপে ভরতের রাজ্যাঞ্জিকার হইবে ? ভূমি কোন্ ভ্রাস্মার মৃত্রণা গুনিয়াছ ? কে ভোমাকে এ হ্মতি দিয়াছে ?
রাম তোমার কি স্থানিট করিয়াছে, স্পার স্থানিই বা

তোমার কি অপকার করিয়াছি ? যে ধর্মাত্মা রাম জন-নীর ন্যায় তোমাতে ভক্তিপরায়ণ, ও তোমার একান্ত বশবদ, তুমি কেমন করিয়া জাঁহার অনিষ্ট করিতে উদ্যুত হইলে। হায় ! আমি অজানবশত: ^গরাজ-কন্যাভ্রমে কালবর্গীকে গৃহে প্রবেশিত করিয়াছি। মানব-মণ্ডলী যে রামের সর্বাদা গুণগান করিয়া থাকে, আমি কি দোষে ভাহাকে পরিত্যাগ করিব? যথন রাজগণ আমাকে শ্রীরামের কথা জিজ্ঞাদা করিবেন, তথন আমি কি বলিব ? কেমন করিয়াই বা তাঁহাদিগের নিকট মুখ দেখাইব ? আমি জীবন পর্যান্ত সমন্ত পরিত্যাগ করিতে পারি, কিন্তু রামকে পরিত্যাগ করিতে পারি না। তুমি জলেই নিমগ্ন হও, অনলেই প্রবিষ্ট হও, আর আত্মহতাা কর আমি কোন রূপে রামকে পরিত্যাগ করিতে পারিব না। তুমি আর বে প্রার্থনা করিবে, তাহা পূর্ণ করিব, অঙ্গীকার করিতেছি। কৈকেরি! আমি কৃতাঞ্জলি হইয়া তোমার নিকট প্রার্থনা করিতেছি, তুমি এ অনর্থকারিণী পাপবৃদ্ধি পরিত্যাগ কর।

পাপনিশ্চয়া কৈকেরী কিছুতেই সেই অসদভিসন্ধি পরিত্যাগ করিলেন না। বরং পরুষ্বচনে কহিতে লাগি-লেন, মহারাজ! লোকে আপনাকে সত্যবাদী, দৃঢ়ব্রত ও ধার্ম্মিক বলিয়া জানে। কিন্তু আপনি আমাকে বর-প্রদানের অঙ্গীকার করিয়া এক্ষণে ইতর্জনের ন্যায় অফ্-তথ্য ও প্রতিক্রা ভঙ্গে উদ্যত হইতেছেন? আপনার সত্যবাদিতা ও ধর্মনিষ্ঠা কোথায় রহিল। সংপ্রক্ষেরা প্রাণান্তেও প্রতিজ্ঞা ভঙ্গ করেন না। প্রতিজ্ঞাভঙ্গ ভরে ধর্মাত্মা নৃপবর শিবি কপোতকে রক্ষা করিবার নিমিত্ত আপনার গাত্রমাংস শ্যেনপক্ষীকে প্রদান করিয়াছিলেন, আর মহাত্মা রাজর্ষি অলর্ক স্বয়ং নেত্রদ্বর উৎণাটন পূর্ব্বক ব্রাহ্মণকে প্রদান করিয়া প্রতিজ্ঞা রক্ষা করিয়াছেন। কিন্তু আপনি অবলীলাক্রমে প্রতিজ্ঞাভঙ্গে উদ্যত হইলেন। আপনি কিরূপে লোকসমাজে সত্যপ্রতিজ্ঞ বলিয়া গণ্য হইয়া থাকেন, বলিতে পারি না।

রাজা পাপীয়সী কৈকেয়ীর নিষ্ঠুর বচনে বাথিতজ্বদর ও রোষাবিষ্ট হইয়া কহিলেন, ছরাচারিণি! আমি পর-লোক গমন করিলেও প্রিয়তনয় রাম বনপ্রয়াণ করিলেই তোমার মনোবাঞ্চা পূর্ণ হয়। হা য়ম! হা ধর্মাত্মন্! হা গুরুবৎসল! তুমি কৈন এ হডভাগা পামরের ঔরসে জন্মগ্রহণ করিয়াছিলে। হা প্রয়াসিগণ! তোমরা অনাথ হইলে। তুমি ক্রমেপ বিলাপ কবিতে লাগিলেন।

রজনী প্রভাত হইল। রাজভবনে অভিষেকের আয়োজন হটতে লাগিল। পুরবাসীরা স্বর্ণাসন, কনক কুন্ত,
খেত ছত্র, স্থচারু চামর, স্থান্ধ মাল্য ও চন্দনাদি দ্রব্যসামগ্রী আহরণ করিতে লাগিল। নানাতীর্থের জল
সমাহত হইল। মন্ত্রী, পুরোহিত ও ঋত্বিক্গণ আসিয়া
তত্বাবধান করিতে লাগিলেন। রাজদর্শনার্থী নুপগণ

নানা দিগ্দেশ হইতে সমাগত হইতে লাগিলেন। বাদাকরেরা বাদ্য, গারকেরা গান এবং নর্তকেরা নৃত্য করিতে
লাগিল। আনন্দের পরিসীমা রহিল না। সকলেই রাজার
আগমন প্রতীক্ষার বিদিয়া রহিলেন। দিবাকর উদিত
হইল, তথাপি রাজা অস্তঃপুর হইতে বহির্গত হইলেন
না। মন্ত্রিবর স্থমন্ত অন্তঃপুরে প্রবেশপূর্কক কৈকেরীর
গৃহবারে উপনীত হইয়া বলিলেন, মহারাজ! শর্করী
প্রভাত হইয়াছে, গাত্রোখান করুন। মন্ত্রী পুরোন
হিত ও রাজগণ আপনকার প্রতীক্ষা করিতেছেন।
আপনি সভান্থ হইয়া অভিবেককিয়া সম্পাদনে তৎপর
হউন।

সুমন্ত্রের বাক্য শ্রবণ করিয়া রাজার শোকসাগর দ্বিগুণতর উচ্চলিত হইয়া উঠিল। তিনি কথঞিৎ শোকাবেগ
সংবরণ পূর্বেক স্থমন্ত্রকে সম্বোধন করিয়া বলিলেন, আমি
অস্থবিত হইয়াছি। রামকে দেখিবার নিমিত্ত আমার
অত্যন্ত ঔৎস্ক্র জন্মিয়াছে। তুমি একবার তাঁহাকে আমার
নিক্ট আনর্মন কর।

স্থমন্ত মহীপতির আজ্ঞামাত্র সত্তর রামের নিকট গমন করিয়া বলিলেন, নৃপক্ষার! রাজা ও রাজী কৈকেয়ী আপনাকে দেখিবার মানস করিতেছেন, আপনি তথায় গমন করিয়া তাঁহাদিগের প্রীতি সম্পাদন করুন।

রামচক্র পিতৃ-আজ্ঞা শিরোধার্য্য করিয়া প্রীতিবচনে কহিলেন, সুমন্ত্র! তুমি অগ্রসর হও, আমি পশ্চাৎ যাই- তেতি। ইহা বলিয়া স্থমন্ত্রকে বিদায় করিলেন। অনন্তর প্রিরতমা জনকনন্দিনীকে বলিলেন, প্রিয়ে! বোধ করি, প্রিরতমারিণী মাতা কৈকেয়ী আমার অভিষেকের নিমিত্ত রাজাকে বাস্ত করিয়াছেন, অথবা নির্জ্জনে কোন গৃঢ় কথা বলিবার জন্য আমাকে আহ্বান করিয়াছেন। যাহা হউক, শীঘ্র যাওয়া কর্ত্তবা। এই বলিয়া অবিলম্বে পিতৃসন্ধিধানে উপস্থিত হইলেন। দেখিলেন, রাজা বিষণ্ণ বদনে ও চিস্তাকুলচিত্তে কৈকেয়ীর সহিত একাসনে বিসয়া আছেন। প্রথমে জীরাম পিতার চরণে প্রণাম করিয়া পশ্চাৎ কৈকেয়ীর পদতলে প্রণত হইলেন।

নরপতি পুত্রকে সমাগত দেখিয়া হা রাম! এই শক্ষ মাত্র উচ্চারণ করিয়া স্তব্ধ হইয়া রহিলেন। কিরুপে প্রিয়-পুত্রকে বন গমনে অফুমতি করিবেন, এই চিস্তায় তাঁহার মন নিতাস্ত পর্যাকৃশ হইল তিনি আর কিছুই সম্ভাবণ করিতে পারিলেন না।

রামচন্দ্র পিতার সেই অদ্ফীপুর্ব বিষশ্বভাব ও চুঃসহ শোকচিন্দ্র নিরীক্ষণ করিয়া একাস্ত বাথিতহাদয় ও নিতাস্ত শঙ্কাকুল হইয়া কৈকেয়ীকে লিজ্ঞাস। করিলেন, মাতঃ! অন্য দিন পিতা আমাকে দেখিয়া আহলাদিত হন, অদ্য এরপ বিষয় হইয়া রহিলেন কেন? আমি কি অজ্ঞান-বশতঃ পিতার নিকট কোন অপরাধ করিয়াছি, অথবা উহাঁর কোন পীড়া উপস্থিত হইয়াছে, আপনি ধথার্থ করিয়া বলুন।

কৈকেয়ী উত্তর করিলেন, পুত্র! রাজার কোন শারীরিক পীড়া হয় নাই এবং তৃমিও কোন অপরাধ কর নাই।
উহাঁর একটি মনোগত অভিপ্রায় আছে, লজাপ্রফুক্ত
তোমার অগ্রে ব্যক্ত করিতে পারিতেছেন না। এই হেতৃ
এরপ বিষয়ভাবে অবস্থান করিতেছেন। রাজা তোমাকে
যে আজ্ঞা করিবেন তৃমি নির্ব্বিকারচিত্তে তাগা প্রতিপালন কবিবে, যদি এরপ অঙ্গীকার কব, তাগা হইলে
আমি নূপতির সেই অভিপ্রায় ব্যক্ত করিয়া তোমার
চিত্তের উদ্বেগ শান্তি করিতে পারি।

রামচন্দ্র আজ্ঞালজ্মনের কথা শুনিয়া ছংথিতমনে বলিলেন, মাতঃ! আপনি এরপ আশকা করিতেছেন কেন? পিতা আজ্ঞা করিলে আমি হুতাশনে প্রবিষ্ট ও সমুদ্রে নিমগ্ হইতে পারি। পিতা আমার প্রতি কি অমু-মতি করিবার মানস করিয়াছেন, আপনি বলিয়া আমার চঞ্চলচিত্তকে স্থাস্তির করুন।

কৈকেরী রাজালোভে এমনি হতবৃদ্ধি হইরাছিলেন যে, লজ্জা ও ভয় এককালে তাঁহার অন্তর হইতে অন্ত-হিত হইরাছিল। তিনি অমানবদনে বলিলেন, পুত্র। পূর্ব্বে মহারাজ আমার শুক্রবায় প্রীত হইরা আমাকে ছই বর দিবেন অঙ্গীকার করিয়াছিলেন। এক্ষণে আমি সেই বরদ্বর দ্বারা ভরতের রাজ্যাভিষেক ও তোমার চতৃ-দশবর্ষ বনবাস প্রার্থনা করিয়াছি। যদি পিতার অঞ্চী-কার প্রতিপালনে পরার্থনা হও এবং তাঁহাকে নিরয়- গামী করা অকর্ত্তব্য বিবেচনা হয়, তাহা হইলে জাটাচীর-ধারী হইয়া অরণো গমন কর।

মহামতি রাম ক্রেক্সরা কৈকেয়ীর নিদারুণ বাকা শ্রবণ করিয়াও ক্রুক হইলেন না। তাঁহার মুথারবিন্দে মালিনা বা বিষয়তার লেশমাত্রও লক্ষিত হইল না। তিনি তাঁহার বাকা শিরোধার্য্য করিয়া বিনয়্মবচনে কহিলেন, মাতঃ! পিতা নাতা পরম শুরু; তাঁহাদিগের আজ্ঞা অবিচারণীয়; পিতা আজ্ঞা করিয়াছেন, ইহার পর সৌভাগোর বিষয় কি আছে। অদ্য পিতৃ-আজ্ঞালাভে আমি চরিতার্থ হইলাম।

কৈকেরী রামের বাক্য শ্রবণ কবিরা অতিশয় প্রীত হইরা বলিলেন, পুত্র! তুমি গৃহ হইতে বহির্গত না হইলে মহারাজ স্নান ভোজনাদি করিবেন না। অতএব তুমি অবিলয়ে অরণ্যে গ্রমন কর।

শ্রীরাম বলিলেন মাতঃ! আপনি বাস্ত হইতেছেন কেন? আমি অরণা-গমনে কুতনিশ্চয় হইয়াছি, আপনি কণকাল অপেক্ষা করন। আমি একবার জনকনন্দিনীকে বলিয়া ও মাতার নিকট হইতে বিদায় লইয়া আদি। এই বলিয়া, পিভার ও তাঁহার চরণে প্রণাম করিয়া জন-নীর নিকটে গমন করিলেন। তথায় উপস্থিত হইয়া দেখি-লেন, মাতা সংষত হইয়া নির্দিন্দে তাঁহার শুভাভিষেক নির্দ্ধাহ হয়, এই মানসে দেবগণের আরাধনা করিতে-ছেন। তদ্ধনি তাঁহার মনে অতিশয় ক্ষোভ জমিল। তিনি . মনে মনে কহিতে লাগিলেন, মাতা বড় আশা করিয়া স্থিরচিত্তে আমার শুভার্ধ্যান করিতেছেন; কিন্তু জানিতে পারেন নাই যে, বিধি বাম হইয়া তাঁহার সেই জাশালতার উন্মূলনে উদ্যত হইয়াছেন! এইকপ্প চিন্তা করিয়া বিনীতভাবে মাতৃচরণে প্রশাম করিলেন।

কৌশল্যা পুত্রেব মুখারবিক্ষ অবলোকন করিয়া আনন্দিত মনে তাঁহাকে মনিময় আদনে উপবেশন করিতে আদেশ করিলেন এবং বাৎসল্যভাবে বলিলেন, বৎস! মহারাজ ক্ষাই তোমাকে যৌবরাজ্যে অভিষক্ত করিবেন। তুমি দীর্ঘনীবী হইয়া এই সসাগরা পৃথিবীর অধিপতি হও। কুলোচিত ধর্মরক্ষায় ও প্রজাপালনে যত্রবান্ হইয়া ভূমগুলে স্থবিমল কীর্তি বিস্তার কর। আমি দেখিয়া জীবন সার্থক করি।

রাম মাতার ক্ষেহময় বাক্য প্রবণ করিয়া বলিলেন,
জননি! আপনি আর আমাব রাজ্যাভিষেকের বাসনা করিতেছেন কেন? রাজা মধ্যমা মাতার নিকটে নত্যপাশে
বদ্ধ হইয়া আমাকে চতুর্দশবর্ষ অরণ্যবাসের আদেশ এবং
ভরতের প্রতি সমস্ত রাজ্যভার সমর্পণ করিয়াছেন। আমি
আর এই রাজ্যোগ্য আসনে উপবেশনের অবিকারী
নহি। এক্ষণে আমাকে জটাচীরধারী হইয়া কুশাসন
ও কমগুলু অবলম্বন করিতে হইবে। বন্য ফল মূল ভক্ষণ
করিয়া মূনির ন্যায় অরণ্যে কাল যাপন করিতে হইবে।
এই কথা শ্রবণমাত্র কৌশল্যার মন্তকে যেন অক্সাৎ

বজ্পাত হইল। তিনি তৎক্ষণাৎ বিচেতন হইয়া কিতি-তলে পতিত হইলেন। রাম মাতাকে ধরাতলে পতিত ও মৃচ্ছিত দেখিয়া হঃখিত মনে ও সাঞ্লোচনে নানাবিধ প্রবোধনাকা দারা সাম্বনা করিতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে তাঁহার চৈতনা হইল। তথন তিনি কাতর স্ববে কভিতে লাগিলেন, হা বৎস ! হা রাম ! তুমি কেবল আমার হঃথের নিমিত্তই জন্মগ্রহণ করিয়াছিলে ? যদি তুমি আমার গর্ব্তে জন্ম গ্রহণ না করিতে, তাহা হইলে আমি কেবল অনপত্যতাজনা তুঃথ অফুভব করিতাম, ঈদৃশ হংগানলে দগ্ধ হইভাম না। হা বিধাতঃ! ভূমি আমাকে অমূলা রক্ব প্রদান করিয়া সেই রক্বভোগে ৰঞ্চিত করিলে কেন ? আমি তোমার নিকট কি অপরাধ কবিয়াছি ? হায় ! আমি চিরকালই সপত্নীজনের জুঃসহ বাকাষ্মণা সহা করিতে রহিলাম। অবলাজাতির সণত্নী-গঞ্জনা অপেক। অধিকতর তুঃখ কি আছে। হা রাম ! আমি তোমার মুখারবিন্দ নিগীক্ষণ করিয়া সমুদয় তুঃখ বিশ্বত হই। তুমি অরণাগামী হইলে আমি আর কাহার মুখচন্দ্র অবলোকন করিয়া সম্ভাপিত হৃদর শীতল করিব ? কি স্থাপ্ট বা প্রাণ ধারণ করিয়া থাকিব ? আমি ভোমাকে নিশ্চয় বলিভেছি, তুমি বনগমন করিলেই আমি জীবন পবিভাগে করিব।

রামচক্র মাতার কাতরোক্তি শ্রবণ করিয়া তঃখিত মনে স্তব্ধ হইয়া রহিলেন। লক্ষণ কৌশল্যার তঃখে অভি কাতর ও জুদ্ধ হইয়া কহিলেন, ভাতঃ ৷ স্ত্রীজনের কথায় রাজ্য পরিত্যাপ করিয়া অরণ্যবাদ আশ্রয় করা বিধেয় নহে। নরপতি বার্দ্ধকারশতঃ বুদ্ধিহীন ও কৈকেগীর একাস্ত বশতাপর হইয়াছেন। তাঁহার অসঙ্গত তাজার অমুবভী হইয়া চলিলে রাজধর্ম রক্ষা হয় না। করস্তিত রাজ্যলক্ষী ইচ্ছাপূর্বক পরিত্যাগ করা ক্ষতিরদিগের धर्म नय । जानि नर्वत्जाष्ठे ७ छन्यान ; ताजा कि कावरन আপনাকে রাজ্য হইতে বঞ্চিত করিয়াছেন। যাহা হউক, আপনি বিদ্যমানে অনো প্রভুত্ব করিবে, ইহা কোন ক্রমেই আমার সহা হটবে না। আমার এই পরিঘতুলা দীর্ঘ বাহ্যুগল শরীরসৌঠবের নিমিত্ত নহে। শক্রভীষ**ণ** শরাসন, স্থতীক্ষু শর ও করাল করবাল শোভার নিমিত্তও ধারণ করি নাই। আমি এই বিহাৎপ্রভ শাণিত খড়গ গ্রহণ করিলে ইক্রও ভয়ে আমার সমুখীন হইতে পারেন না। আমি নিমেব মধ্যে ধরাতল রসাতলগত করিতে পারি। আপনি আমাকে অনুমতি করুন। রাজ্য মধ্যে বনবাদবুতান্ত প্রচার না হইতেই আমি রাজ্য স্বশে আনয়ন করি ৷

শোকাত্রা কৌশনা লক্ষণের বাক্যে কিঞ্ছিৎ আশাদিত হইয়া রামকে বলিলেন, বংস। লক্ষণ উত্তম কথা
কহিতেছেন। তুমি উহাঁর বাক্য অনুসারে কার্য্য কর।
তুমি বলি রাজ্য পরিত্যাগ করিয়া অরণ্যবাস আশ্রম কর,
আমার সপত্নীর মনস্থামনা পূর্ণ হইবে। তাহার মনো-

রথ পূর্ণ করিয়া আমাকে চিরত্:থিনী করা তোমার কর্ত্রব্য নহে। পিতা মাতার গুল্লাই পুজের পরম ধর্ম। পিতাও যেরপ পূজনীয়, মাতাও শ্রেইরপ। পিতার আজ্ঞালজ্যনে যাদৃশ পাপ জন্মে, মাতাব বাকা রক্ষা না কবিলে ভাদৃশ পাপ হইতে পাবে। ববং গর্মের ধাবণ ও পোষণ হেত্ মাতা, পিতা অপেক্ষা অধিক গোরবান্বিত। তোমাব পিতা তোমাকে বনগমনের আদেশ কবিয়াছেন, আমিও তোমাকে গৃহে অবস্থান কবিতে অমুমতি করিতেছি। তুমি কিরপে আমার আজ্ঞা অবহেলন করিয়া অরণো গ্রমন করিবে। অতএব তুমি আমার বাক্য রক্ষা করিয়া বনবাসবাসনা পরিত্যাগ কব।

রাম মাতৃবাক্য শ্রবণ কবিরা, বিনয় বচনে বলিলেন, মাতঃ! পিতা মাতার বাকা লজ্জন করা, অধর্ম কার্যো প্রবৃত্ত হটয়া রঘুক্ল কলঙ্কিত করা, ও পূর্বাচরিত পর্থ পরিত্যাগ করা রঘুবংশীয়দিগের কর্তবা নহে। আর আপনিও বলিলেন, পিতা মাতার বাক্য অবহেলন করিলে পাপী হইতে হয়। পূর্বে পিতা আমাকে বনগমনের আদেশ করিয়াছেন। এক্ষণে কিরপে তাঁহার বাক্যের অনাথাচরণ করিব। অত্তবে আপনি প্রসন্ম হটয়া আমাকে পিতৃসতা প্রতিপালনে অফুজা করুন।

জননীকে এইরপ অমুনয় করিয়া লক্ষণকে বলিলেন, ভ্রাতঃ! আমি হোমার স্নেহ, বল, বিক্রম ও প্রভাপ স্কল্ট অবগত আছি এবং মাতা যে হুস্তর ছুঃথসাগরে নিমগ্ন হটবেন, তাহাও জানিতে পারিতেছি। কিন্তু কি করিব, উপায় নাই। পিভার নিকটে, বন গমন করিব এই সতা করিয়া আসিরাছি। পিছাও মধামা মতার নিকট সভাপাশে বন্ধ হইয়াছেন। অত্তব সেই স্তা প্রতি-পালনে পরাত্মথ হইয়া অকিঞ্চিৎকর রাজ্য ভোগের নিমিত্ত স্বরং অধর্মভাগী হওয়া এবং পিতাকে নিরয়গামী করা কোন ক্রমেই কর্ত্তবা নহে। তুমি ধর্মপথ পরিত্যাগ করিয়া বীরত্ব প্রকাশে উদ্যুত হুইয়াছ। কিন্তু বীরপুরুষেরা প্রাণান্তেও ধর্মপথ পরিতা।গ করেন না। অতএব তমি আমার বাকা রক্ষা কর। ক্ষত্রিয়স্থলভ উগ্রভাব পবিতাগ করিয়া পরম গুরু পিতা ও মাতৃগণের শুশ্রষায় নিরম্ভর রত হও। আমাকে যেরূপ শ্রনা ও দ্যান করিয়া থাক. মহাত্মা ভরতকেও সেইরূপ কব। আমি অর্ণাবাসী হইরা পি হাকে সত্যপাশ হ**ইতে মুক্ত করি**।

ভাত্বৎসল লক্ষণ রামের বাক্য শ্রবণে লজ্জিত ও
নিক্তর ছইয়া কিয়ৎক্ষণ অধােবদন হইয়া রহিলেন।
পরে নিবেদন করিলেন, মহাশয়! আমি আপনাকে পরিভাাগ করিয়া জীবন ধারণ করিতে পারিব না। আমি
আপনকার সমভিন্যহােবে গমন করিব। আপনি অফ্কম্পা করিয়া আমাকে সমভিব্যাহারে লইয়া চলুন। আমি
কিয়বের ন্যায় বন্য ফলম্লাদি আহরণ করিয়া আপনার
সেবা করিব। শ্রীরাম লক্ষণের অফুনয় বাক্যে শ্রীত হইয়া
আপন সমভিব্যাহারে গমন করিতে অফুমতি করিলেন।

কৌশলা তাঁহাদিগকে বনগমনে কুতনিশ্চয় দেখিয়া দীর্ঘনিখাদ পরিত্যাগ পূর্বক পুনর্বার বলিলেন, হা রাম। তুমি আমাৰ বহু যত্নের ধন। আমি হুম্বর ব্রত, কত যত্ন ও কত ক্লেশ করিয়া তোমাকে প্রাপ্ত হইয়াছি এবং মনে মনে কত আশা করিয়াছি যে, রাম হুইতে আমি পরম সুখী रहेर, आमात मकल पृथ्य पृत रहेरत। এक्षर आमात रम আশালতা উন্নূলিতা হইল। হা বিধাতঃ ! আমি চিরাকাজ্জিত ও চিরবর্দ্ধিত ফলোনাথ পাদপের ফলভোগে ৰঞ্চিত হটলাম। হা রবুনন্দন! আমি ক্ষণমাত্র তোমাকে না দেখিলে থাকিতে পারি না, তোমাকে বনবাসে বিদায় দিয়া কিরূপে প্রাণ ধারণ করিব। কে আর আমাকে মা বলিয়া স্থাময় वाटका मत्याधन कतिरव ? काशांत्र मूथहला नितीक्क कतियां है বা স্থান্থির হইব ৫ ভরতকে রাজ্য প্রদান করিবার নিমিত্ত তোমাকে বনবাস দিবার আবশাকতা কি ? আমি তোমার রাজা প্রার্থনা করি না, ভরত রাজা হইয়া অচ্চনে সুধ সম্ভোগ করুক। তুমি আমার নিকটে থাকিয়া ভিক্ষা করিয়া কাল্যাপন করিলেও আমি হু া হইব। আমার वाका तका कत, 6ित्रज्ञांथिनी जननीटक व्यवात कृष्य मागरत निक्कि कति अना। आत यिन धका छ रे वनगमतन দুচ্দক্ষর হইয়া থাক, আমাকেও দমভিব্যাহারে লইয়া চল।

রাম বিলপমানা জননীকে বনগমনে উদাত দেখিয়া পুনরায় প্রবাধ বাক্যে কহিতে লাগিলেন, মাতঃ! জাপনি

বুরিমতী হইয়া এরপ আজা করিতেছেন কেন ? রাজা আপনকার এবং আমার উভয়েরই প্রভু। বিশেষতঃ সীমস্তিনীগণের পতিই নিয়ন্তা, পতিই পরম গুরু, পতিই পরম দেবতাস্থরপ; পতির অনুমতি ভিন্ন তাঁহারা কোন কার্য্যে অধিকারিণী হইতে পারেন না। বে নারী পতির অনভিমত কাৰ্যা করেন, তিনি উভয় লোকেই নিকনীয় ও খুণাস্পদ হন। আপনি রাজার অনুমতি ভিন্ন কিরুপে ৰনগমন করিবেন। আমিও পিতার অধীন, তাঁহার অনুজ্ঞা রাতিরেকে কিরূপে আপনাকে সমভিব্যাহারে লইয়া য়াইব। আপনি বনগমন করিলে আমার শোকার্ত্ত বৃদ্ধ পিতাকে কে যত্ন করিবে ? কেবা তাঁচার ভশ্রষা করিবে ? অতএব আপনি এ বাসনা পরিত্যাগ করুন। আর আমি কুতাঞ্চলিপুটে এই প্রার্থনা করিতেছি, আপনি আমার বিয়োগ হঃথে কাতর হইয়া পিতার প্রতি পরুষ বাক্য প্রয়োগ বা অবজ্ঞা করিবেন না। রোষপরবশ হইয়া মাতা কৈকেয়ী ও ভরতকে ছর্কাক্য বলিয়া মনস্তাপ দিবেন না। পূর্বে তাঁহাদিগের প্রতি বেরপ হেহ করিভেন, একণেও সেইরূপ করিবেন। কৌশল্যা বনগমনে রামের সাতিশয় নির্বন্ধ দেখিয়া অগত্যা সম্মত হইলেন এবং मछकाञ्चान ও मूथहुश्वन कविशा वाष्ट्राश्चन नश्चन विल्लन, বৎস! তুমি যদি একান্তই পিতৃসত্য প্রতিপালনার্থ আববা-সমনে দুঢ়দক্ষর হইয়া থাক, গমন কর। বন দেবতারা সেই অরণ্যানী মধ্যে তোমাকে রক্ষা ক্রিবেন

দেধ, যেন চিরত্ঃথিনী জননীকে বিশ্বত হইরা রহিও নাঃ আমি পতিশুশ্রবার রভ হইরা তোমার আগমন প্রতীক্ষায় জীবন ধারণ করিয়া রহিলাম।

রাষ্চক্র জননীকে প্রণাম করিয়া লক্ষ্মণের সহিত জনকনন্দিনীর নিকট গমন করিলেন। জনকায়্মজা স্বামীকে
সমাগত দেখিয়া প্রীতিপ্রক্ল্লাচিত্তে সমৃচিত অভার্থনা
করিয়া উপবেশনার্থ আসন প্রদান করিলেন। শ্রীরাম
আসনে উপবিষ্ট হইলে জানকী তাঁহার আন্তরিক বিমর্ধভাব ব্ঝিতে পারিয়া নিবেদন করিলেন, নাথ! অদ্য আপনার অভিষেক মহোৎস্বের দিন; কিন্তু আপনাকে বিষল্প
দেখিতেছি, এবং ছত্র, চামর, অনুষায়ী কিল্পরগণও রাজ্পযোগ্য বেশভ্ষা কিছুই দেখিতেছি না, ইহার কারণ কি?
আপনাকে এরপ দেখিয়া আমার অন্তঃকরণ অতিশ্ব আকুল
হইতেছে।

রাম উত্তর করিলেন, প্রিয়ে! আর আমার রাজ্যাভিবৈকের আশা করিতেছ কেন ? আমি এ রাজ্যের অধিকারী
না হইরা অরণ্যরাজ্যের অধিকারী হইয়াছি। পিতা পূর্ব্বে
মাতা কৈকেয়ীকে ছই বর প্রদান করিবেন, এই সত্য করিয়াভিলেন। একণে কৈকেয়ী আমার রাজ্যাভিষেক-বার্তা
শ্রবণে ক্ষুর্ক হইয়া রাজার নিকট নিজ তনয়ের রাজ্যাভিষেক ও আমার অরণ্যবাস প্রার্থনা করিয়াছেন। রাজা
সত্যসন্ধ; স্কুতয়াং সত্য রক্ষার নিমিত্ত ভরতকে রাজ্যা দাস
ও আমাকে অরণ্যবাসের অনুমতি করিয়াছেন। আর

আমার অন্য রাজবোগা বেশভ্যার প্রয়োজন নাই, অফুন্
যারী কিন্ধরগণেরও আবেশাকতা নাই। এক্ষণে জটাবল্কলই আমার রাজবেশ, কুশভ্মিই আমার সিংহাসন,
নেঘমগুলীই আমার রাজভত্ত, অরণাচারীরাই আমার
অফুচর। আমি পিতার আজাহ্মসারে চতুর্দশ বংসর
অরণারাজ্যে অবস্থিতি করিব এবং বন্য তরগণের নিকট
কর স্বরূপ ফল মূলাদি গ্রহণ করিবা কাল যাপন করিব।
তুমি আমার জনক জননীর বশবর্তিনী হইয়া ভক্তিসহকারে তাহাদিগের শুশ্রুষায় মনোনিবেশ কর। আমার
বিয়োগ জন্য কাতর হইও না। আমি অদ্যই অরণ্যে
গমন করিব।

এই দারুণ বাক্য প্রবণ করিবামাত্র মৈথিলীর হৃদয়
বিলীর্গ হট্যা গেল। তিনি বাম্পাকুলকণ্ঠে ও দীন বচনে
বলিলেন, নাণ! অবলা জাতি অননাগতি, পতিভির
ভাহাদিগের আর গতি নাই। স্থুও সৌভাগ্য সকলই
পতির আয়ন্ত। আপনি বনবাসী হট্পে আমি কি স্থুপে
প্রোণ ধারণ করিব ? কি বলিয়াই বা মনকে প্রবোধ দিব ?
ভামি আপনাকে পরিতাগে করিয়া ক্রণমাত্র জীবন ধারণে
সমর্থ হট্ব না। আপান কুপা করিয়া আমাকে সমভি-ব্যাহারে লট্যা চলুন।

রঘুতনর প্রিয়তমাকে বনবাসোদ্যত দেখিয়া প্রবোধ-বাকো বলিতে লাগিলেন, প্রিয়ে। তুমি কুলকামিনী; কুর্বাও তোমার মুব দেখিতে পান না। আমি কিরুপে তোমাকে বনগমনে অফুমতি করি। বনবাস কেবল ছঃখের আবাদ; তথায় পর্ণালায় বাদ, তৃণশ্যায় শয়ন, বুক্ষের ৰক্তল পশ্লিন, ও কটু ক্যায়িত ফলমূলাদি আহাব कतिया का कि करहे काल घालन कविष्क हम। (म छरन প্রতিবেশী নাই, যে দিকে দৃষ্টিক্ষেপ করা যায়, ভক্তেশী বিনা আর কিছুই দৃষ্টিগোচর হয় না। পথ অতি হুর্গম ও কুশকণ্টকে পবিপূর্ণ। মফুষ্যমাত্রের সমাগম নাই। চারি দিকে সিংহ বাছাদি হিংস্ৰ জম্ভ ভয়ঙ্কৰ শব্দ করিয়া অন-বরত ভ্রমণ করিতেছে। মহাভীষণ ভূজসমগ্র অধিরত গর্জন কৰিতেছে। মধ্যে মধ্যে ছন্তর স্থিও ছুরারোই গিরি অতিক্রম করিতে হর। তুমি রাজনক্রিনী; ভোমার শরীর অতি কোমল, চিবকাল স্থসন্তোগে কাল যাপন করিয়াছ। কথন ছঃখের মুখ দেখিতে হয় নাই। তুনি কিরপে এরপ তঃসহ অর্ণাবাস ক্লেশ সহনে সমর্থ হটবে ? অতএব আমি বলৈতেছি, তুমি বনবাদ বাদনা পরি-ভাগে কর।

পতিপরায়ণা জানকী ভর্তুবাক্য শ্রবণ করিয়া কিয়ৎক্ষণ জাধোবদনে মোনাবলম্বন করিয়া রহিলেন। অনস্কর দীর্ঘ-নিশ্বাস পরিত্যাগ করিয়া গদগদবচনে বলিলেন, নাথ! আপনি যে যে কথা কহিলেন, সকলই ঘণার্থ। কিন্তু আপনকার বিরহব্যণা আমার অভিশয় অসহ্য। আমি কোনজপেই আপনাকে পরিত্যাগ করিয়া জীবন ধারণে সমর্থ হইব না। প্রির বিরহানণে দগ্ধ হইয়া স্কর্ম্য

হর্মে বাস স্থখনেবা বস্তুর উপভোগ গুরুফেননিভ স্থানাল শ্যায় শ্যন, সুদৃশ্য বস্ত্র পরিধান করা অপেকা পতিপরায়ণা রমণীব ভর্তু সিরিধানে অবস্থান কবিয়া দিনাস্তে শাকার ভোজনও অধিকতর তৃপ্তিকর, পর্ণকৃটীরে বাসও প্রোতিজ্ঞনক, কুশাস্ত শ্যা ও চীরবঙ্কল পরিধানও স্থণ-স্পর্শ বোধ হয়; অতএব আপনকার সরিধানে অবস্থান করিয়া যদি আমার প্রাণ বিয়োগ হয়, তাহাও আমার প্রাথনীয়। আপনি আমাকে বিড়ম্বনা করিবেন না। আমাকে বনগমনে অমুমতি কক্রন। এই বলিয়া প্রির্ভিদ্যের পদতলে নিপ্তিত হইয়া কাতরম্বরে ক্রন্দন করিতে লাগিলেন।

রাম প্রিয়তমার বিলাপ ও কাতর বচন শ্রবণে দয়ার্দ্র হটয়া বলিলেন, প্রিয়ে! বনগমনে তোমার য়থেষ্ট কট হইবে বলিয়া আমি নিষেধ করিতৈছিলাম। কিন্তু যে কট্টের ভয়ে বারণ করিতেছি, গুচে থাকিয়া য়িদ তদ-পেক্ষাও তোমার অধিকতর কট ভোগ হয়, তাহা হইলে গুহে থাকিবার আবশাকতা কি ? তুমি গুরুজ্ঞানের অফুজ্ঞাল লটয়া আমার সমভিব্যাহারে আগমন কর। সীতা স্বামীর অফুমতি লাভে কৃতার্থ হইয়া ভূমি হইতে উপিতা হইলেন।

শ্রীরান মৈথিলীকে এইরপ অনুমতি প্রদান কণিয়া লক্ষণকে বলিলেন, প্রাতঃ! জনকাত্মছাও বনগমনে উদ্যত হইয়াছেন। যদি আমরা সকলেই অর্ণ্যে গমন করিব, ভাহা হইলে কে আর বৃদ্ধ পিতা মাতার সেবা করিবে! কে বা তাঁহাদিগের হুংথে কাতর হইয়া যদ্ধ করিবে! অভএব তুমি গৃহে থাকিয়া ভাঁহাদিগের সেবা কর। লক্ষণ
ভাতার বাক্য প্রবণে সাতিশন্ধ হুঃথিত হুইয়া বলিলেন,
মহাশন্ধ! আপনি প্রথমে বনগমনের অনুমতি করিয়া
এক্ষণে আবার নিগ্রহ করিতেছেন কেন? পিতা মাতার
ভশ্রমার নিমিন্ত আপনি চিন্তিত হুইবেন না। মহাত্মা
ভরত ভাঁহাদিগকে যদ্ধপূর্বক ভক্তি শ্রহা করিবেন। আপনি
আমাকে বনগমনে নিষেধ করিবেন না।

লক্ষণের কাতর ভাব অবলোকন করিয়া রাম বলিলেন. ভাতঃ! মাতা কৈকেয়ী অদাই অবোধ্যা পরিভাগে করিয়া অর্ণাগ্মনের আদেশ করিয়াছেন। যদি একান্তই আমার সহিত গমন করিবে, সত্তর তোমার অমিত্রভীষণ শ্রাসন, অক্ষয় তৃণীর, অভেদা তফুত্রাণ ও করাল করবাল গ্রহণ কর। আর গুরুগৃহে আমার দিব্য ধরু আছে, তাহা আনয়ন কর। লক্ষণ অবিলয়ে তাঁহার আজ্ঞা সম্পাদন করিলেন। রাম ভাতার লেহ, ভক্তি ও ক্ষিপ্রকারিত। দর্শনে প্রীত হইয়া পুনরায় আদেশ করিলেন, ভ্রাতঃ! ष्यामि दिमञ्ज ब्रांक्रिंगिएक किकिए वर्ष श्रामान कतिन. সঙ্কল্ল করিয়াছি। তুমি শীঘ্র মহর্বি বশিষ্ঠদেবের পুত্র प्रथळ (प्रवृत्क पानवन कत्र। जिनि पामात श्रवम मिज; তাঁহাকে অগ্রে দান করিয়া পশ্চাৎ সঙ্করিত অর্থ অন্য প্রাহ্মণসাৎ করিব। লক্ষণ তাঁহার আজ্ঞামাত ঋষিকুমার

স্বজ্ঞ দেবের ভবনে উপস্থিত হইয়া আপনার আগমন প্রোজন ব্যক্ত করিলেন। স্বয়জ্ঞ দেব তৎকালে অগ্নি-গৃহে আসীন হইয়া ধ্যানাসক্ত ছিলেন। তিনি ওথা হইতে ৰহিৰ্গত হইয়া লক্ষণের সমভিব্যাহারে রামের নিকটে আগমন করিলেন।

সুযজ্ঞ দেব আগ্ত হইলে পর রাম জনকাত্মজার সহিত একত্র হইগা তাঁহাকে স্বর্প্তল, কনককের্র, মণিময় হার প্রভৃতি বহুম্লা অলহার ও নিপুল অর্থরাশি প্রদান করিলা তাঁহাব প্রতি সংবিধান করিলেন। পশ্চাৎ উপ-শ্বিত দীন দহিদ্র অনাগদিগকে প্রার্থনাধিক ধন দান করিলা সীতা ও লক্ষণের সহিত অনুমতি গ্রহণার্থ পিতার নিকট গমন করিলেন।

রাজা দশরথ কৈকেণ্ডীর বরপ্রার্থনাবদি আহার নিজা পরিত্যাগ পূর্বক কেবল রামের মনোহব মূর্ত্তিধান করিয়া বিলাপ করিভেছিলেন। ভাঁচার নখন্যুগল চইতে অন-বরত বাস্পাবারি বিনির্গত হইয়া বক্ষঃস্থল ভাসিয়া যাইভে-ছিল। মুখমণ্ডল তাম্রবর্ণ ও নয়নম্বয় ফীত হইয়া উঠিয়া-ছিল। সুমন্ত্র নিকটে উপবিষ্ট ছিলেন, দূর হইতে রামকে আগমন করিতে দেখিয়া রাজাকে সম্বোধন করিয়া নিবেদন কবিলেন, মহারাজ! রামচক্র আপনকার জীচরণ দর্শনার্থ সীতা ও সেংমিত্রির সহিত আগমন করিভেছেন।

রাজা স্থানের মৃথে এই কথা শুনিরা দীর্ঘ নিংখাস পরি-শ্বান পূর্বক বলিলেন, স্থাত্ত ৷ তুমি একবার অন্তঃপুরে সংবাদ দেও; সকলে একতা হই রা জীরামকে দর্শন করি।
স্মন্ত তৎক্ষণাৎ রাজাজ্ঞা সম্পাদন করিবেন। কৌশলা।
স্মিত্রা প্রভৃতি প্রনাবীগণ সমাচার পাইবাবাত রাজসলিধালে আসিয়া উপস্থিত হইলেন। রাজা রামকে
বনগমনে কুতনিশ্চর ও উদাত দেখিয়া মৃচ্ছিত হইয়া
ধবাতলে নিপ্তিত হইলেন।

রাম ভীত হইয়া চৈতনা সম্পাদনের চেটা করিছে
লাগিলেন। বহুক্ষণের পর তাঁহার চৈতনা হইল। তিনি
নয়নদ্বর উন্মীলিত করিয়া আসনে উপবেশন করিলেন।
তথন তিনি কুভাঞ্জলি ইইয়া নিবেদন করিলেন, পিতঃ!
মধামা মাতা আমাকে অরণাগমনে ত্রা দিয়াছেন। আমি
সজ্জিত হইয়া আপেনার হুমুমতি গ্রহণার্থ আগমন করিয়াছি। আর লহার ও সীতা ইইয়ারাও আমার সহিত বনগগনে কুভনিশ্চয় ধইয়াছিলান কোন ক্রমেই ইহারা নিবৃত্ত
হইলেন না। আভ এব আপনি ইহাঁদিগকে অরণাগমনে
অনুজ্ঞা করুন।

রাজা অনুজ্ঞাকাংকা তনরের প্রতি দৃষ্টিপাত করিয়া
করণখনে বলিলেন, বংস! আমি মোহত্ত্ পাণীয়দী
কৈকেয়ীর বাক্যে প্রতারিত হইয়া অকারণ তোমাকে বনবাসী করিতে উদ্যত হইয়াছি। আমার তুলা ছুরাত্মা ও
নরাধম আর নাই। তুমি এ নরাধমের বাক্যে এই বিশাল
বাজ্য ও অপ্রিসীম ঐশ্বর্যা প্রিভ্যার করিয়া স্থণ-সংস্থাকে

বঞ্চিত হইও না। আমি বলিতেছি তুমি বনবাস বাসনা পরিত্যাগ করিষা স্বয়ং সিংহাসনে অধির চুহও।

ধর্মবংসল রাম শোকার্ত্ত পিতাকে সত্যভঙ্গে উদ্যত দেখিয়। ক্ষ্ম হইয়া বলিলেন, পিতঃ! আপনি আমাদিগের প্রভু, ভর্তা ও পরম গুরু। আমি এই অকিঞ্চিংকর স্থুখ সস্তোগের বাসনায় আপনাকে পাপপক্ষে পতিত করিছে অভিলাষ করি না। আপনি আমাকে বনগমনে অমুমতি প্রদান করিয়া চিরাচরিত সতাব্রত রক্ষা করন।

নুপতি জীরামের বাক্য শ্রবণ করিয়া বলিলেন, বংদ!
বদি একাস্তই আমার সভাবত রক্ষার নিমিত্ত বন গমন
করিবে স্থির করিয়াছ, অদ্য রজনী এডানে অবস্থান কর।
আমরা আশা পুরিয়া তোমাকে উত্তম দ্রব্য ভোজন করাইয়া মনের ক্ষোভ দূর করি, এবং তোমার মুথপুণ্ডরীক
নিরীক্ষণ করিয়া কিরংকণ চিত্তকে স্থান্থির করি।

রাম বিনীত বাক্যে নিবেদন করিলেন, পিতঃ! আমি
আক্ষাই অরণ্যে গমন করিব, এই বলিয়া মধ্যমা মাতার
নিকট প্রতিশ্রুত হইরাছি, যদি সেই অঙ্গীকার প্রতিপালনে পরাল্পুখ হট, তাহা হইলে লোকে অসত্যসক্ষ
বলিয়া আমার অকীর্ত্তি হইবে, আর আপনি অদ্য যত্ত্ব
করিয়া যে সকল উত্তম দ্রব্য ভোজন করাইবেন, কল্য
কালন মধ্যে তাহা আর আমাকে কে প্রদান করিবে ? অতএব আর আমার ভোগ-লালসা বিধেয় নহে। আপনি
আমাকে অদ্যই বনপ্রয়াণের অত্মতি কর্ষন।

রাজা কোন ক্রমেই রামকে নিবারণ করিতে না পারিয়া বলিলেন, স্থমন্ত্র! রাম অরণ্যে চলিলেন। তৃমি উহাঁকে রণে করিয়া লইয়া যাও এবং রামচক্র অরণ্যমধ্যে যাহাতে রাজাস্থা অনুভব করিতে পারেন, তাহার উপায় কর। কোষাধ্যক্ষকে বল, আমার যে কিছু সম্পত্তি আছে, সম্-দায়ই রামের সহিত প্রেরণ করে। মত উত্তম উত্তম অল-ক্ষার ও পরিচছদ আছে সমস্তই জনকনন্দিনীকে দেয়, স্বহ-ক্তনেরাও যেন কুমারের অনুগামী হন।

কৈকেয়ী রামের সহিত সমস্ত সম্পত্তি প্রেরণের অমৃমতি শুনিয়া বাাকুল ও মানবদন হইয়া বলিলেন, মহারাজ! আপনি মনে করিবেন না বে, ভরতকে হাতসার
রাজ্য প্রদান করিয়া নিঙ্কৃতি পাইবেন। বেমন সগর
রাজা আপনার পুত্র অসমঞ্জাকে নিঃসন্থলে নির্বাসিত করিয়াছিলেন আপনাকেও সেইরপ করিতে হইবে। রাজা
কৈকেয়ীর এই নিদারুল বাক্য শ্রবণ করিয়া ক্লোভে শুক্
হইয়া রহিলেন।

রাম বিনয় বাকো পিতাকে নিবেদন করিলেন, পিতঃ! আমি ভোগবাসনা পরিতাগে করিয়াছি। আমি অবণাজাত ফল মূলাদি দারা উদর পূরণ করিয়া আয়াকে পবিত্র করিতে পারিব। আমাব ঐশ্বর্যের প্রয়োজন নুই। অম্যাত্রিকগণেরও আবশাকতা নাই। আমাকে বন-বাসোচিত চীরবাস প্রদান কর্জন।

নির্লজ্ঞা কৈকেয়ী রাজার অনুমতি নিরপেক হইয়া

ছারা করিয়া চীরবাস আনিয়া দিলেন। রাম ও লক্ষ্ণ উভয়েই চীর পরিধান করিলেন। মৈথিলী তাঁহাদিগকে চীরধারী দেখিরা তঃথে ও লজ্জায় অধাম্থ হটয়া বলিলেন, আর্থাপুত্র। আনি কথন চীর পরিধান করি নাই। "কেমন করিয়া প্রিধান করিতে হয়, বলিয়া দিন।

পুরপুরজ্বীগণ জনকনন্দিনীকে চীর পরিধানে উদ্যন্ত দেখিয়া কৈকে নিকে নানাপ্রকার নিন্দা করিছে লাগিলেন। কৌশল্যা, হা বংস! তুমি রাজপুর, শোমার পরিণামে এই হইল যে, শোমাকে চীবধারী ও বনচারী হুইতে হইল। হা দগ্ধদদর! তুমি বিদীর্ণ হুইতেছ নাকেন? ইহাও আমাকে দেখিতে হুইল। হা বিধাতঃ! তোমার মনে এই জিল। এইরূপে বিলাপ কবিং লাগিলেন, রাজা কুপিত হুইর। ক্ষুরচিত্তে কৈকেন্ত্রীকে বলিলেন, আরে দ্রাচারিণি! রামকে বনবাস দিয়াও তোমার মনস্কামনা পূর্ণ হুইতেছে না। তুমি উহার সঙ্গে পৃঞ্জান ক্রিছে নির্বাধিত করিতেছ। হা নির্লজ্জে! ভোমার অসাধা বিছুই নাই।

কৌশল্যা স্নেছ বাক্যে সীতাকে সম্বোধন কৰিয়া বলি-লেন, বংসে! সাংধ্বী স্ত্রীরা প্রাণাস্তে পণির প্রতি অবজ্ঞা প্রদর্শন করেন না। পতিএতা রমণীর পতিই পর্ম দেবতা। পতি সধনই হউন, আর নির্দ্ধনই হউন, তাঁহাকে অংকি করা সাধ্বীর কর্ত্ব্য নহে। যে নারী ভক্তি ভাবে পতি শুশ্রার রত হয় তাহার ইংলোকে কীর্ত্তি ও পরলোকে সদগতি লাভ হয়। রাম রাফা হইতে ভ্রষ্ট ও ধনসম্পতিবিহীন হইয়া অরণবাসী হইলেন। তুনি ইইাকে দরিদ্র বলিয়া অবজ্ঞা করিও না। ইনি বাহাতে বনবাস হংথ অমুভব না করেন, ভদ্বিয়ে বিশেষ ক্রেপে যত্নবভী হইবে।

মৈথিলী লক্ষিতা হইয়া, বলিলেন আর্থ্যে! আদি পতিব্রতা নারীর ব্রতাচার অবগত আচি। বীণা যেমন অত্ত্রী হইলে বাদিত হয় না, রথ মেন অচক্র হইলে চলিত হয় না, মীন যেমন সলিল বিহীন হইলে জীবিত থাকে না, নারীও তেমনি পতিসেবায় পণালুনী হইলে স্থেসস্ভোগে সমর্থ হন না। পিতা মংতাও ভ্রতা প্রভৃতি কেইই পদির তুলা হিতৈথী নহেন। আমি পরম দৈবত পতিকে অবজ্ঞা করিব, আপনি এরপ আশহা করিতে-ছেন কেন? আমি প্রবিণয়কালাবধি এই ব্রত্ত করিয়াছি ধে ভর্তার হিতের নিমিত্ত প্রোণও পরিত্যাগ করিব।

কৌশল্যা সীভার বাক্য শ্রবণ করিয়া হর্ষবিষাদে অশ্রুমোচন করিতে লাগিলেন এবং প্রথম শ্রীত হইরা বলিলেন, বংসে! তুমি ভূমি বিদারণ করিয়া উপ্তিত হইন্রাছ। তোমাব জন্ম অতি অভ্নৃ। তোমাব বদন হইতে জিদৃশ বাক্য বিনির্গত হইবে, ভাগাব আশ্রুমা কি ? ভোমা দারাই জনকরাজার গুল ও যশ্বে সম্ধিক শোভা বৃদ্ধি হইন্রাছে, বুল সম্জ্ঞল হইরাছে। তুমি আমার গৃহে আগ্রন্ধন করাতে আমার ধন্য হইয়াছি। রাম ভোমার সহিত্ত

গমন কবিতেছেন, আর আমার চিন্তা নাই। তুমি, রাম ও দেবর লক্ষণের প্রতি বিশেষরূপে যত্ন করিবে। কৌশল্যা সীতাকে এইরূপ আদেশ ও প্রশংসা করিয়া এরিমের মন্তকান্থাণ পূর্দ্ধক বলিলেন, বৎস! সীতা স্বভাবতীক; তুমি অবহিত হইয়া উহাঁর নিকটে অবস্থান করিবে এবং লাভ্রবংসল লক্ষণের প্রতিও স্নেহদৃষ্টি রাথিবে।

রামচক্র কুতাঞ্লি হইয়া নিবেদন করিলেন, মাত:! আপনি লক্ষণ ও দীতার বিষয়ে আমাকে দাবধান করি-তেছেন কেন? লক্ষণ আমার দক্ষিণ বাছস্বরূপ, নীতা আমার অনুবর্ত্তনী ছায়াস্বরূপ। উহাদিগের নিমিত আপনি চিন্তিত হটবেন না। আমার হতে শর ও শরাসন থাকিলে আমি ত্রিলোকীর ঈশ্বর শতক্রতু হইতেও ভীত হট না। আপনি ছঃখিত না হইয়া আমার পিতার শুশ্রষা করন। পিতা আমার প্রতি প্রসর থাকিলে চতু-ৰ্দশ বৎসর এক দিবসের ন্যায় স্থাথে অতিবাহিত হটবে। আমার নিমিত্ত কিছুমাত্র চিন্তা নাই। আপনি স্বীয় পুণ্যবলে আমাকে অক্লিষ্ট ও অক্ষতশরীরে পুনরাগত দেখিবেন। আপনি শোক পরিত্যাগ করুন। জননীকে এইরূপ প্রবোধ বাক্যে বুঝাইরা অন্য অন্য মাতৃগণের নিকট বিদায় লইবার নিমিত্ত গমন করিলেন। রাজা দশ-রথের সাদ্ধ দপ্তশত সীমন্তিনী ছিল। রামচক্র তাঁহা-দিগের নিকট উপস্থিত হটয়া কুতাঞ্জলিপুটে বলিলেন, মাতৃগণ! আমি পিতৃ আজ্ঞাক্রমে চতুর্দশ বর্ষের নিমিত্ত

অরণ্যবাদে চলিলাম। আপনার। অনুমতি প্রদান ও
আনীর্বাদ করুন। রামচক্র এই কথা কহিবামাত্র রাজবনিতাগণ ক্রন্দুনকোলাহল করিয়া উঠিলেন। যে দশরথের
গৃহে পূর্ট্বে শ্রোতৃগণ, মুরজ পণব প্রভৃত্তি বিবিধ স্থমধুব
বাদ্য ধ্বনি প্রবণ করিয়া শ্রুতিপথ চরিতার্থ করিতেন,
এক্ষণে সেই গৃহ শোককাতর রমণীগণের রোদন ধ্বনিত্তে
পরিপ্রিত হইল।

অনস্তর রাম, লক্ষ্মণ ও সীতা ইহারা তিন জনে হ্মিত্রাদেবীর চরণ গ্রহণ করিলেন। হ্মিত্রা বহু বিলাপের পর মস্তক আদ্রাণ করিয়া লক্ষ্মণকে বলিলেন, বংদ! তুমি আমার দংপুত্র জন্মিয়াছ। তুমি ভ্রাত্তমহের বশীভূত হুইয়া সমস্ত পরিত্যাগ করিয়া অরণ্যগমনে ক্রতসঙ্কর হুই-রাছ। তোমার গৌভাত্র দর্শনে আমি অভিশ্ব পরি-তৃত্ব হুইলাম। রাম তোমার জ্যেষ্ঠ ভ্রাতা ও পূজনীর। তুমি যত্মবান্ হুইয়া অকপটচিত্তে উহার দেবা ও রক্ষা করিবে। জ্যেষ্ঠ ভ্রাতার অহুকৃত্তি, দান, তপোনিষ্ঠা ও যুদ্ধে দেহ পরিত্যাগ করা, দোমাদিগের কুলোচিত ধর্ম্ম। তুমি রামের অহুগত থাকিরা সেই ধর্ম প্রতিপালন করিবে। লক্ষ্মণ ত্রিমা রামকে বলিলেন, বংদ! লক্ষ্মণ তোমাতে অত্যক্ত অনুরক্ত; তুমি সর্বাণা অবহিত্ত হুইয়া ইহাকে প্রক্ষা করিবে।

রামচক্র উত্তর করিলেন, মাতঃ আমি অবশাই আপ-নার আজা প্রতিপালন করিব, আমাকে বলা বাহলা- মাত্র। আপনি লক্ষণের নিমিত্ত কিছুমাত্র চিন্তা করিবেন
না। এইরূপে রাম ক্রমশঃ সকলের নিকট বিদায় লইয়।
সর্বনেষে পুনর্বার জনক জননীকে প্রদক্ষিণ ও প্রণিপাত্ত
করিয়া বলিলেন, পিতঃ! আমি অরণ্যে চলিলাম, আমার
চিরছ্থেনা জননী রহিলেন; উনি আমার নিমিত্ত বাহাতে
অধিক কাতর না হন, আপনি কুপা করিয়া তাহা করিবেন। রামের এই করুণাক্ষর বাক্য প্রবণে রাজা শোকে
নিতান্ত বিহ্বল হইলেন। সর্ব্ব শরীর অস্পান হইল।
ভিনি কি বলিবেন, কিছুই ছির বরিতে পারিলেন না।

অনস্তর স্মন্ত করাঞ্জলি হট্যা নিবেদন করিলেন,
নুপনন্দন! রথ স্থান্ডিত হট্যাছে, আপনারা আরোহণ
করুন। স্থান্তের বাক্য শ্রবণ করিয়া রাম, লক্ষণ ও সীতা
রথে আরোহণ করিলেন। স্থান্থ ও পুর্বাসিমণ তাঁহাদিগের সমভিন্যাহারে গমন করিবার নিমিত্ত সভ্জত হইলোন। শর, শ্রাসন, তূণীর ও অন্য অন্য অন্ত শন্ত রথের
এক পার্ছে সিরিবেশিত হট্ল। স্মন্ত কশ্যাত করিলেন,
ক্ষেণ্ডাণ বায়ুবেগে গমন করিতে লাগিল।

ওদিকে, রামচন্দ্র পিতৃ সত্য প্রতিপালনার্থ বনগমন করিতেছেন, এই সমাচার নগর মংখ্য প্রেচার হওয়াতে প্রবাদী যাবতীয় লোক দর্শনার্থ তথায় আদিয়া উপস্থিত হইল। তাহারা রামকে বনগমনে উত্থ শেধিয়া বলিল, সুমন্ত্র! অংশকাল রথরশ্মি সংঘত কর। আমরা রাম-চন্দ্রের মনোহর মূর্ত্তি সন্দর্শন করিয়া চিত্তকে পরিতৃপ্ত

ও নরনবয় চরিতার্থ করি। রামচক্র আমাদিগের চিত্ত
হরণ করিয়া গমন করিতেছেন। কবে আমরা ইইাকে
আরণ্য হইতে পুনরাগত দেখিব! কৌশলার হৃদয় নিশ্চয়ত লোহময়; আন্যথা, প্রিয় পুত্র বনগমন করিতেছেন
দেখিয়া উঁটোর হৃদয় বিদীর্ণ হইল না কেন? পতিপ্রাণা
জনকনন্দিনী ও ভ্রাতৃথৎসল লক্ষণ ইহাঁবাই বহুতর পুণা
করিয়াছেন। ইহাঁরা সর্বাদা রামের সহ্বাদে থাকিয়া
উহাঁর মুণারবিন্দ নিরীক্ষণ করিবেন! রামচক্র! আপনি
আমাদিগকে আনাথ কবিয়া কোথায় চলিলেন? এ হতভাগাদিগকেও সমভিব্যাহারে লইয়া চল্ল। এই বলিয়া
ভারস্বরে রোদন করিতে লাগিল।

রাজা দশরথ নিতান্ত অবৈর্যা হইয়া হা রাম! হা
পুত্র! আমি নিশ্চয়ই ভোমাকে নির্বানিত করিলাম। হা
পুত্রবৎসলে কৌশলো। তামার সর্বস্থন রামকে বিদায়
দিরা ভোমার জ্রোড় শূন্য করিলাম! হায়! আমার
তুলা নিষ্ঠ্র নরাধম আর নাই। আমি নিরপরাধ সর্বত্থাকর প্রিয়শুত্রকে বনবাস দিরা সমস্ত জগৎ তুঃখার্থবে
নিশ্চিপ্তা করিলাম! তুমি কি মনে করিতেছ। হায়।
মহর্ষি বশিষ্ঠদেব. ও বামদেব প্রভৃতি মৃদ্ধিগণই বা কি
বলিতেছেন। তপোবনবাদীরাই বা ভোমাকে দেখিয়া
কি মনে ভাবিবেন। তাঁহারা মনে করিবেন, দশরথ অতি
অসার ও অপদার্থ; স্ত্রীর বশীভূত হইয়া প্রিয়পুত্রকে বনবাস দিয়াছে। ভগবতি বস্থাথে! আপনি ক্বপা করিয়া

আমাকে আশ্রয় দিন, আর আমার জীবন ধারণের প্রায়োক্ষন নাই। এই অকীর্ত্তিকলম্বে দ্বিত হওয়া অপেক্ষা প্রাণত্যাগ করাই শ্রেমঃকর। হা পাষাণ হৃদয়! তুমি এই বেলা বিদীর্ণ হও, আর কেন শোকানলে দগ্ধ হইবে। এইরপে বিষাদ ও পরিভাপ করিতে লাগিলেন। তাঁহার নরন্যুগল হইতে অনবরত অশ্রুষারা বিগলিত হইতে লাগিল, শরীর স্পন্দহীন হইল, মুখ ম্লান হইয়া গেল। তিনি শ্রীরামের সান্দনাভিমুখে দৃষ্টিপাত করিয়া চিত্রাব্রিত্র নাায় স্তর্ক হইয়া রিচলেন।

কৌশল্যা পুত্রশাকে উন্মন্তার ন্যায় হা রাম ! হা
সীতে ! হা লক্ষণ ! এই বলিয়া উচ্চন্থরে বিলাপ করিতে
লাগিলেন ৷ তিনি কি করিবেন, কোথার ষাইবেন,
কোথায় পেলেই বা স্পন্তির হইবেন, এই চিন্তায় অভির
হইলেন ! ফঃসহ শোকানল তাঁহার হালয় দয় করিতে
লাগিল ৷ তিনি যে দিকে দৃষ্টিনিক্ষেপ করিতে লালিলেন
কেবল প্রীরামের মোহনম্তি তাঁহার দৃষ্টিপথে উদিত
হইতে লাগিল ৷ তিনি রামের জন্মাবধি যত কই জোপ
করিয়াছিলেন, সে সমুনায়ই তাঁহার মনোমন্দিরে আবিভূতি
হইল, এবং তিনি মৃচ্ছিতি হইয়া ভূতলে পতিত হইলেন ৷

স্থানি ধরাতলে পতিত হটয়া ধূলিতে লুঠিত হটতে লাগিলেন। পুরকামিনীরা হা রাম! হা সোমিতে। তোমরা আমাদিগকে পরিত্যাগ করিয়া কোপায় চলিলে ই কে আর আমাদিগকে জ্বনীর ন্যায় স্থেই ও তক্তি করিবে ? কে আর আমাদিগকে প্রির বাক্যে পরিতৃষ্ট করিবে? হা পুত্র ! তুমি অনাথের নাগ, ছর্মলের বল ও অগতির গতি। তোমার মুখারবিন্দ অবলোকন করিলে লোক সকল ছংখ বিশ্বত হইয়া যায়। তুমি একেবারে সকলের প্রতি দরা মায়া পরিত্যাগ করিয়া চলিলে ! হা বৈদেহি ! তুমি রাজনন্দিনী ও রাজবধু হইয়া বনচারিশ্ব হইলে ! তুমি কিরপে বনবাস ক্রেশ সহ্য করিবে ! হা কৈকেয়ি ! তুমি নির্লজ্জা ও নৃশংসা হইয়া ভক্তিপরায়ণ পুত্রকে বিনাপরাধে বনবাস দিলে ! ইহাতে তোমার কি স্বধ সৌভাগ্য বৃদ্ধি হইবে ? এই বলিয়া রোদন করিতে লাগিলেন।

নগরী আর্দ্রনাদে পরিপূর্ণ হইল, চতুর্দ্ধিকে হাহাকার ধ্বনি হইতে লাগিল। আবাল, বৃদ্ধ, বনিতা সকলেই
শোকসাগরে নিম্ম হইল। স্থেজ্জনেরা শোকাকুল হইয়া
ভাহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। পৌরজনেরা পুত্র কলজ্র
পরিত্যাগ করিয়া তাঁহার অনুগননে উদ্যত হইল। কেহ
রাজাকে, কেহ কৈকেয়ীকে, কেহ বা আত্মসোভাগাকে
নিন্দা করিতে লাগিল। সকলেই আহার নিদ্রা পরিত্যাগ
করিয়া জীরামের গুণগানে কালক্ষেপ করিতে লাগিল।
মাভীগণ কবল পরিত্যাগ করিয়া বংসদিগকে স্তন্যদানে
বিরত হইল। অযোধ্যাপুরী পুরন্দরপরিত্যক্ত অমরাবতীর ন্যায় শীল্রই হইল। সমীরণের গতি কল্প হইল।
ভগ্রান দিবাকরের প্রভা মৃন্দ হইয়া গেল। চল্র, নক্ষ্ম

ও বাহপণ দীপ্তিশ্ন্য হইল। হুডাশন বিশিখ ও ধুমারমান হইডে লাগিল। দিক পর্যাাকুল হইল। মহোদবি
প্রলয় প্রন্সঞালিতের ন্যায় উদ্বেল হইয়। উঠিল। শ্রীরামের বিরহে কি স্থাবর, কি ভক্ষ্ম, নকলেই শোকে আচ্চয়
হুইল।

দশর্থ ও কৌশল্যা শোকবিহ্বল ছইরা রামের অর্সরণে উল্যন্ত হইলেন। বশিষ্ঠদেব ও বামদেব প্রভৃতি বিজ্ঞপন নানা প্রকার প্রবোধ বাক্যে তাঁহানিগকে বলি-লেন, মহারাজ! যিনি কিছু দিন পরেই গৃহে প্রভ্যাগমন করিবেন, বাঁহার মুখচন্দ্র অবলোকন করিয়া আপনারা প্রকার স্থী হইতে পারিবেন, তাঁহার নিমিন্ত এত কাতর হর্মাছেন কেন? বাঁহার প্রারাগমন প্রার্থনীয়, তাঁহার অহ্বামন বিধের নহে। আপনারা শোক পরিভাগে করিয়া গৃহে গমন করুন। রাজা ও রাজী ব্রাহ্মণদিপের বাক্যে কর্মিণ্ড গেনাব্রের সংবর্ষ করিয়া অতি কর্মে গৃহে প্রতিনিযুক্ত হুইলেন।

এ দিকে রাষ্চত ক্রমে ক্রমে নানাজনপদ অতিক্রম করিয়া তমসানদী ক্লে উপনীত হইলেন। তথায় উপ-নীত হটয়া বলিলেন, সুমন্ত! বেলা অবসান হইয়াছে, রথবেগ সম্বর্ণ কর। আছা এই স্থানে অক্সিতি করিছে ক্টবে।

হ্মান্ত রথ ভির করিলেন। সদ্ধা সমাগত হইল।
ভূমান্ত ও সৌনিত্তি উভবে জীরামের পর্ব শ্বা জাত্ত করিব।

দিলেন। রামচক্র সারংক্কতা সমাপন করিয়া সীতার সহিত পর্ণধ্যার উপবেশন করিলেন এবং স্থহজ্জন ও পৌরগণকে আহ্বান করিয়া বলিলেন, প্রবাসিগণ! তোমরা আমার প্রতি ধেরুপ প্রীতি ও ভক্তি করিয়া থাক, ভরতের প্রতিও সেইরপ করিয়ে। মহাস্মা ভরত অতি স্থশীল, বিনীত ও রাজধর্মজ্জ। তিনি কথনই তোমাদিগের অপ্রিয় বা অহিতাচরণে প্রবৃত্ত হইবেন না। আমি বলিতেছি, ভোমরা গৃহে প্রতিগমন করিয়া অচ্চন্দে কাল যাপন কর। তাহারা কোন ক্রমেই প্রতিগমনে সম্প্রভ হইল না। ক্রমশং রজনী অধিক হইল। সকলেই জমসাভারবভী তরুতলে শয়ন করিলেন। সৌমিত্রি স্থমজের সহিত প্রীরামের গুণগান করিতে লাগিলেন।

রাষ্টক নিশীথ সমরে গাত্রোখান করিয়া বলিলেন,
সৌনিত্রে! সকলেই স্মৃত্যু হইয়াছে, চল এই সমরে
আমরা এ স্থান হইতে প্রস্থান করি। আমাদিগকে
দেখিতে না পাইলেই স্থতরাং ইহায়া নিবৃত্ত হইবেন।
এই পরামর্শ করিয়া কহিলেন, স্থমস্ত্র! তুমি অযোধ্যাভিসুধে কিয়ভুর রথ লইয়া গিয়া সেই রথচক্র শন্ধতি অবলস্থন পূর্বাক পুনর্বার রথ আনয়ন কর। এমনি সাবধানে
রথ আনয়ন করিবে যেন পৌরজনেরা জানিতে না পারেন
ভর্তিং প্রাত্তকালে উঠিয়া বোধ করেন বে রথ অযোধ্যাভিস্থা প্রমন করিয়াছে। স্থম্ম গাবধান হইয়া ভাঁহায়
আজা স্পাদন করিলেন।

অনন্তর গান, লক্ষণ ও নীতা রথাকাট ইইয়া তমসানদী
উতীর্ণ ইইলেন। রশ্বনী প্রভাত ইইল। পৌরজনেরা
প্রবৃদ্ধ ইইয়াইতস্ততঃ অরেদণ করিয়া তাঁহাদের কাহাকেও
দেখিতে পাইল না। কেবল গৃহাভিম্থে রখচক্রপদ্ধতি
দর্শন করিল। তদ্দর্শনে তাহারা পরস্পর কহিতে লাগিল,
রামচক্র আমাদিগের কাতরতা দর্শনে দরার্দ্র ইইয়া গৃহে
প্রতিনিবৃত্ত ইইয়াছেন। চল, আমরাও ফিরিয়া যাই।
এই বলিয়া তাহারা অবোধাভিমুখে প্রস্থান করিল। গৃহে
আসিয়া প্রীরামকে দেখিতে না পাইয়া তাহাদিগের শোকসাগর পুনরায় উথলিয়া উঠিল।

অদিকে ইক্ষাকুনন্দন ক্রমশ: নানা জনপদ অতিক্রম করিয়া দক্ষিণভিম্থে গমন করিতে লাগিলেন। পথিমধ্যে শুনিতে পাইলেন, কেহ বলিতেছে রাজা দশরথ
মার্ক্রাবশত: বৃদ্ধিহীন হইয়াছেন'। তিনি কি বিবেচনার সর্বলোকাভিরাম রামকে বনবাস নিলেন ? কেছ
মলিতেছে, রাজার কিছুমাত্র দেখে নাই, গুষ্টাশর ভরক্ত
রাজালোভ সংবরণে অসমর্থ হইয়া চাতুরী করিয়া এই
অনর্থ ঘটনা উপস্থিত করিয়াছে। কেহ বলিতেছে, পাপ্রচারিণী কৈকেয়ীই এই অনর্থের মূলীভূত কারণ। কেছ
মা বিলিল, অন্য কাহারও দোষ নাই, আমাদের ভাগোরই
দোষ বলিতে হইবে। প্রজাগণের এইরপ করণ বাব্য
শ্রেণ করিয়া প্রীরাম বঃথিত হদয়ে অবোধ্যা-সীমা অভিক্রেদ,
ক্রিণেন।

অনস্তর তিনি ক্রমে ক্রমে বেদশ্রতি গোমতী ও ঋবিকা নামে নদীত্রম উত্তীর্ণ হইয়া সুমন্ত্রকে বলিলেন, সুমন্ত্র। আমরা কত দিনে আবার অরণ্য হইতে প্রত্যাগত হইরা পিতা মাতার শ্রীচরণ সন্দর্শন করিব ? কত দিনে আবার আমবা জন্মভূমির ক্রোড়ে বাস কবিয়া সরষ্র উপবনে বিহার করিব? এইরূপ কথাবার্তায় কিয়দ্র গমন করিয়া শুঙ্গবের পুরী প্রাপ্ত হইলেন। তথার উপনীত হইয়া দেখিলেন, ভগবতী ভাগীরথী দক্ষিণাভিমুধে প্রবাহিত হইতেছেন। ঋষিগণ তীরদেশে কুশাসনে উপবিষ্ট হটয়া मक्तावननामि कतिराज्या । मक्ताकानीनं यन यन मयी-রণযোগে ক্ষণে ক্ষণে তরঙ্গমালা উত্থিত হইতেছে, দেখিয়া তাঁহার শরীর সজ্জ ও অন্তঃকরণ প্রকুল হইল। তিনি कनकनिष्मनीरक मारवाधन कतित्रा विशासन खिरा । अह ত্রিলোকপাবনী গলা আমাদিগের প্ররপুরুষ ভগীরথের कीर्खिनजाका यज्ञन । देनि श्रामात शृक्षभुक्ष्मित्रित उद्गादनत নিমিত্ত সুরলোক হইতে অধনীতলে অবতীর্ণ হইয়াছেন। ইং তিক প্রণাম কর। সীতাদেবী গলবস্ত হইরা ভক্তিভাবে ভগবতী ভাগীরখীকে প্রণাম করিলেন।

অনস্তর রখুনদান সুমন্ত্রকে বলিলেন, সুমন্ত্র। সন্ধ্যাকাল উপস্থিত; আর অধিক দ্ব যাওয়া কর্ত্তব্য নহে। ইভার অবিদ্রে ঐ যে ইঙ্গুদীপাদপ দৃষ্ট হইতেছে, অদ্য আমরা ঐ তরুতলে অবস্থান করিয়া নিশা যাপন করিব। সুমন্ত্র, যে আজ্ঞা বলিয়া সেই তরুতলে রথ লইয়া গেলেন 1

रामहरत्स्य शिव नथा खरु नारम नियानगांक मंक्ररयं পুৰীর অধীশ্ব ছিলেন। তিনি বামচন্দ্র স্মাগ্ত হটয়া-চেন ওনিয়া কতিপয় অমাতা ও জ্ঞাতিগণ সমভিবাহারে হর্ষোৎকর হটয়া তাঁহার নিকট আগমন করিলেন। রাম ও লক্ষণ উভারে প্রকালামন পুর্বকি তাঁহার যথোচিত সমা-দর করিয়া কুশলবার্তা জিজ্ঞাসা করিলেন। নিষাদবাল শ্রীরামের নিকট কুতাঞ্জলি ত্টয়া নিবেদ্ন করিলেন, রখ-নন্দন! আপনি অণিলের নাণ; আপনকাব সন্দর্শন মাদৃশ বাক্তির নিতান্ত হুর্লভ। অদা আপনার সমাগমে আমি চরিতার্থ ইইলাম। নিবাদকুল পবিত ইইল। এ আপনারই গৃহ। আমাকে কি করিতে হটবে, আপনি কুপা করিয়া অনুমতি করুন। আমি যুদ্ধান্ হুইয়া নানা-বিধ ভক্ষা ও পানীর দ্রব্য আহবণ করিয়াছি এবং স্থবি-মল শ্যাও প্রস্তুত কবিয়া রাথিয়াঁছি, আপনি অনুগ্রহ করিয়া গ্রহণ করিলে আমি কুতার্থ হট।

রামচক্র নিষাদরাজের শিষ্টাচাব ও বিনয় দর্শনে পরম প্রতি হইরা আলিঞ্চন পূর্মক বলিলেন, সপে! অদ্যা তোমাকে দেশিয়া আমি বড় স্থণী হইলাম। তোমার স্থিয় প্রতিবচনে আমার চিত্ত পরিতৃপ্ত হইরাছে। তুমি আমার নিমিত্তই এই সকল দ্রুব্য প্রস্তুত কবিরাছ । তোমার যত্নেব কিছুমাত্র ক্রটি নাই। কিন্তু আমি তাপসংশ্যে ব্রতী হইয়াছি। তপস্বীদিগের কটুকষায় ফলম্লাদি শাহার ও দর্ভণায়র শয়ন করিয়া দিন্যাপন করিতে

হয়। অতএব আমি কিরপে উন্শ স্থানের বস্তু প্রতিত্রহ করিব। তুমি আমার অখগণকে শঙ্গাদি প্রদান কর। তাহা হইলেই আমার অভিথি সংকার লাভ হইবে। নিষাদপতি শ্রীরামের আদেশানুসারে অখগণকে শঙ্গাদি প্রদান করিলেন। পরিশেষে তাঁহার বনপ্রয়াশ বার্তা শ্রুবনে নিতান্ত কাতর হইয়া বিলাপ করিভে লাগিলেন।

অনন্তঃ লক্ষ্য জল আনায়নপূর্বক রামচন্দ্রের পাদপ্রকা-লন করিয়া দিলেন। রামচন্দ্র জনকামুলার সহিত তক্ত্র-भारत भारत क.तिथा त्राःख व्यञ्जिताहिक कहिएक लागिरतान। लाज्वरमा नक्का जैशामित तकार्थ ध्युकीन शहन कतिया জাগরিত হইরা রহিলেন। নিষ্দেরাজ তাঁহাকে জাগ-রিত দেখিয়া ছঃখিত মনে কহিলেন, লক্ষণ! আপনি শয়ন করিয়া অকুতেভিয়ে নিজা ২,উন। রামচজের রক্ষার নিমিও আপনাকে 'কোন চিতা করিতে হইবে না।' আনি ধরুপানি হটয়া সমস্ত রাতি উহঁবে রকা করিব। এই ধরামওণে রামচন্দ্রের তুল্য প্রিয়তম হিতৈষী আমার আর কেহই নাই। আমি উহাঁরই প্রদাদে ধ্যা, অর্থ এ বিপুল বশোরাশি লভে করিয়াছি। লক্ষ্য কহিলেন, নিষ্বাদরাজ! তুমি যথন আমাদের রক্ষানার্য্যে প্রবৃত্ত হই-তেছ, তখন আর আমাদের কোন শহার বিষয় নাই। কিন্ত জোঠ ভাতা থাম ও জনকনদিনী ভূমিতলে শ্রন क्रिया तिहिलन, देश प्रिया आमि क्रिक्र निकारहरत्र

নিজা যাইতে পারি ? শুহ লক্ষণের বাকো নিরুত্তর হইরা তাঁহাদিগের রক্ষার্থ জ্ঞাতিগণের সহিত সমস্ত রাত্রি বিনিজ হইয়া রহিলেন।

সৌমিত্রি, ভ্রাতাকে ভূমিতলে শরান দেখিয়া কুরুচিত্তে কহিতে লাগিলেন, বিধাতঃ ! তুমি সকলই করিতে পার ! স্থ তুঃথ সকলই তোমার অধীন! হায়! যিনি চির দিন च्चथमरखारम कानगपन कतियारहन, याँशात मंतीत च्यरका-মল শ্যাতেও ক্লিষ্ট হইত, অদ্য তিনি নিরাহারে তক্ত-छल भग्न कतिया बहिलन! हा गाठः किरकिय। আপনার হান্য নিশ্চয়ই বজময়; আপনি কেমন করিয়া প্রিয়পুত্রকে বনবাস দিলেন ? এইরূপ বিলাপ করিতে করিতে রজনী শেষ হইল। রামচন্দ্র গাত্যোত্থান করিয়া লক্ষণকে বলিলেন, ভ্রাতঃ! চক্র অন্তগত হইলেন, পূর্বা-मिक् व्यात्मारिज इरेग्राह्। वर्नेमस्या मशुत्र, त्काकिन প্রভৃতি নানাজাতি বিহঙ্গম কুলায় হইতে উৎপতনো-শাপ হইয়া কলরব করিতেছে। আর রাত্তি নাই; চল আমরা এই সময়ে গমন করি। লক্ষ্ণ, রামের আজামু-সারে স্থমন্ত্র ও নিষাদ রাজকে আমন্ত্রণ করিয়া শর কাম্মুক গ্রহণ করিলেন।

্রামচন্দ্র শুমন্ত্রকে আহ্বান করিয়া বলিলেন, স্থমন্ত।
আ্তঃপর আমরা নিবিড় অরণ্যে প্রবিষ্ট হইব। তৃমি এই
স্থান হইতেই নিবৃত্ত হও। আর অধিক দ্র যাইবার
আবেশাকত। নাই। তুমি রবুকুলের অরিতীয় মহাধং;

ভূমি গৃহে থাকিলে আষার শোক্ষরপ্ত পিতা মাতা অনেক শাস্ত থাকিবেন। আমি বলিতেছি, তুমি পিতাকে আমার অভিবাদন জানাইয়া বলিবে, তিনি যেন আমা-দিপের নিমিত্ত অধিক কাতর না হন। তাঁহার প্রদাদে আমা-দিপের কোন কট্ট হটবে না। আমরা অর্ণামধ্যেও গ্রো-চিত স্থুথ অমুভব করিতে পারিব। আর অল্পভাগ্যা চির-छ:थिनी माতा यनि आमारित विरशास कीविक थारकन. তাঁহাকে বলিবে যে, আপনার রাম. লক্ষণ ও সীতা নির্বিছে অবস্থান করিতেছে। তাহাদিগের নিমিত্ত কোন চিন্তা নাই। আর মাতা স্থমিতা, কৈকেয়ী ও মহর্ষি বশিষ্ঠদেবের চরণে আমার প্রণাম জানাইবে। তোমাকে অধিক আর কি বলিব, যাহাতে তাঁহারা শােকে নিতাস্ত কাতর না হন, তথিয়ে যতুবান হইবে: এবং ভরতকে মাতৃলালয় হইতে আনষ্কন করিয়া যৌবরাজ্যে অভিবিক্ত করাইবে। সৌমিত্রি বলিলেন, স্থমন্ত ! আমি আর কি ৰলিব, আমাৰ পিতা ও মাতৃগণের চরণে প্রণাম জানাইবে।

স্মার তাঁহাদের বাকা শ্রবণে নিতান্ত হৃঃথিত ও হতাশ হইয়া কাতরস্বরে শ্রীরামকে বলিলেন, নৃপকুমার! আমি আপনাদিগকে পরিত্যাগ করিয়া শূন্যরথ লইয়া কিরপে গহে যাইব ? কিরপেই বা তাঁহাদিগের সমূথে দশুলমান হইব ? কি বা বলিব ? রামচন্দ্রকে বনবাস দিয়া আসিলাম, এই নিদারণ বাক্য কেমন করিয়া তাঁহাদিগকে শুনাইব ? আর আমার গৃহগমনের প্রয়োজন নাই, আমিও আপনা- দের অনুবর্তী হইব। এই বলিয়া অশ্রমোচন করিতে লাগিলেন।

রামচন্দ্র শোকাকুল স্থমন্ত্রকে নানাবিধ প্রবোধবাক্যে
সান্ধনা করিয়া প্রিরস্থা নিষাদরাজকে বলিলেন, সথে!
এক্ষণে আমরা তোমার নিকট বিদায় হইলাম। স্থমন্ত্র ও
ভ্রুহ উভয়েই বিষণ্ণ হইয়া বলিলেন, রঘ্নক্ষন। আপনারা
রাজতনয়; আপনাদিগের শরীর অতি কোমল, পদত্রজে
এক পদও গমন করেন নাই, কিরূপে এই তুর্গম অরণ্যপঞ্জে
গমন করিবেন; বিশেষতঃ পথিমধ্যে নানা প্রকার ভীষণ
হিংল্র জন্ত ইতন্ততঃ ভ্রমণ করিতেছে। অতএব আপনারা
অতি সাবধানে গমন করিবেন এবং যে স্থানে তাপসগণের আশ্রম আছে, তাহার সলিধানে অবস্থিতি
করিবেন। দেথিবেন যেন সীতা দেবী কোন রূপে কট্ট
না পান।

অনন্তর রাম ও লক্ষণ উভয়ে বটবুক্ষের ক্ষীর দারা জটা বন্ধন করিয়া জনকাত্মজার সহিত জহুতনয়ার অভিমুখে গমন করিলেন। স্থমন্ত্র ও গুহ তাঁহাদিগের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। নূপকুমারেরা স্থানদীর তীরে উপনীত হইয়া তাঁহাকে সাষ্টাঙ্গ প্রণিপাতপূর্কক পরপারে উত্তীর্ণ হইলেন। নদী পার হইয়া তাঁহারা গমন করিতে লাগিলেন। স্থমন্ত্র ও গুহ, যত দ্র দৃষ্টি চলিল, সেই স্থানে ক্থায়মান হইয়া এক দৃষ্টিতে নিরীক্ষণ করিতে লাগিলেন।

নিঃখাস পরিভাগে করিয়া বাষ্পাকুলনয়নে গৃহাভিমূথে প্রতি-নিবৃত্ত হটলেন।

রামচন্দ্র কিয়দ্ধুর গমন করিয়া এক বটবৃক্ষ দেখিতে
পাইলেন। ভাহার অনভিদ্রে পরম রমণীয় স্থদর্শন
লামে এক সরোবর আছে। তাঁহারা সেই সরোবরের জল
পান করিয়া পিপাসা শান্তি করিলেন, এবং সে দিবস
সেই তরুতলেই অবস্থিতি করিলেন। লক্ষণ শ্রীরামের
নিমিত্ত নানাবিধ ফলমূলাদি আহরণ ও পর্ণশ্যা প্রস্তুত
করিয়া দিলেন। রজনী সমাগত হইল। রামচন্দ্র ও
জানকী ফলমূল আহার করিয়া পর্ণশ্যায় শয়ন করিলেন।

এই সময়ে শ্রীরামের অন্তঃকরণে অযোধ্যার চিন্তা উপশ্বিত হইল। তিনি লক্ষণকৈ সংধাধন করিয়া কহিলেন,
ভাতঃ! কয়েক দিন হইল আমরা অযোধ্যা পরিত্যাগ
করিয়াছি। পিতা মাঁতা ক্ষণকাল আমাদিগকৈ দেখিতে
না পাইলে অতিশয় কাতর হন। তাঁহায়া এই দীর্ঘকাল
আমাদিগের অদর্শনে কিন্ধপে জীবন ধারণ করিয়া থাকিবেন ? হয় ত তাঁহায়া ছর্মিসহ পুত্র শোক সম্ভ করিতে
না পারিয়া কলেবর পরিত্যাগ করিবেন। আমাদিগকে
বনবাস দিয়া কৈকেয়ীর মনোরথ পূর্ণ ইইয়াছে। তিনি
সোভাগ্যমদে গর্মিত হইয়া না জানি আমার হঃখিনী
অননীকে কত যন্ত্রণা দিতেছেন। আমার প্রতি বিছেষবশতঃ আমার প্রিয়কারিণী মাতা স্থমিত্রাকেও কত
ছর্মাক্যে বলিতেছেন। রাজা, কৈকেয়ীর বশবর্জী না হ ইলে

এরপ অনর্থ ঘটিত না। লক্ষণ। তুমি অযোধার প্রতিগমন করিয়া তাঁহাদিগের হুঃথ দূব কর। আমি সীতার সহিত অরণ্যবাসী হই। তাঁহাদিগের অনিষ্ট শঙ্কা আমার হৃদরে আবিভূতি হইরা অস্তঃকরণকে অতিশর ব্যাকুল করিতেছে। আর আমি স্কৃত্বির হইতে পারি না। হা মাতঃ! আমি জন্মিরা আপদকার কোন উপকার করিতে পারিলাম না! আপনি আমার নিমিত্ত কেবল গর্ভাবন্তা হইল। এই বলিয়া বাষ্প্রমোচন করিতে লাগিলেন।

লক্ষণ তাঁহাকে রোক্ষদ্যমান্ দেখিয়া কহিলেন, আপনি সামান্ত্রনের ন্যায় এরপ শোক মোহের বণীভূত ইইতেছেন কেন ? ভবাদৃশ মহাক্তব ব্যক্তিরা বিষম বিপদে পতিত ইইলেও শোকবিমোহিত হন না। আপনি এরপ শোকার্ত্ত ইইলে সীতাদেবী ও আমি কিরপে প্রাণধারণে সমর্থ ইইব ? লক্ষণের বাক্যে জীরাম শোক সংবরণ করিলন। অতি তঃখে রজনী অতিবাহিত হইল।

পর দিন প্রভাতে তাঁহার। প্রয়াগাভিমুপে গমন করিলেন। তথার উপনীত হইয়া বলিলেন, দৌমিত্রে!
এই স্থানে যমুন। আসিয়া গঙ্গার সহিত মিলিত হইয়াছেন। এই স্থান অতি পৰিত্র; গুনিয়াছি ইহার নিকটে
মহাতপা ভরদাল মুনির আশ্রম। ঐ দেপ ধুমশিধা
উপিত হইতেছে। বোধ হয় আশ্রম নিকটবর্তী; চল



আমরা ঐ প্ণাশ্রমে অদ্য অবস্থান করি। এই বলিয়া অবিলম্বেই তাঁহারা ভরবাজ তপোধনের আশ্রমে উপস্থিত হইলেন। তপোধন তাঁহাদিগকে সমাগত দেখিয়া পরম সমাদর ও যথাবিধি সৎকার করিলেন।

রামচক্র তাঁহাকে অভিবাদন পূর্বক আত্মপরিচয় প্রদান করিয়া নিবেদন করিলেন, ভগবন্! আমি পিছ্ আজ্ঞা প্রতিপালনার্থ অরণ্যবাস আত্রয় করিয়াছি। কিন্তু আমরা কখন অরণ্যে আগমন করি নাই। আপনি কপা করিয়া আমাদিগকে এমন একটা স্থান নির্দিষ্ট করিয়া দিন, বে, আমরা সেই স্থানে নির্বিদ্ধে অবস্থান করিছে পারি।

মহামুনি ভরদান্ত উত্তর করিলেন, রঘুনন্দন ! আপনি ভাগা ক্রমে আমার আশ্রমে সমাগত হইয়াছেন। আমার ইচ্ছা, আপনি এই স্থানে অবস্থান করিয়া তাপসধর্ম আচরণ করেন। এই আশ্রম অতি পবিত্র ও তপোনিষ্ঠার প্রধান আম্পাদ। ইহার অনতিদ্রে ভগবতী গঙ্গা ও যমুনা বিরাজমান রহিয়াছেন।

রামচক্র কৃতাঞ্চলিপুটে বলিলেন, মহর্বে! আপনার নিকটে অবস্থান করা অতি সৌভাগ্যের বিষয়। কিন্তু এই আশ্রম অযোধ্যার অধিক দ্ববর্তী নহে। এস্থানে থাকিলে অযোধ্যাবাদী বাক্ষরণণ সর্কাদ। আমাদিগকে দেখিতে আদিতে পারেন। অতএব আপনি আমাদিগকে কোন নির্জন স্থান বলিয়া দিন।

महर्षि क्रगकान शानामक इटेबा वनितनन, टेहांत जिन বোজন অন্তরে চিত্রকূট নামে একটা পরম রমণীয় পর্বত ষ্মাছে। সে অতি পবিত্র স্থান, তথায় শত শত মহর্ষি যোগাসনে আসীন হইয়া তপস্যা করিতেছেন। বোধ कति, त्नहे विविक्त ज्ञान आंभनामिरगत वांमर्यांगा हहेएड পারে। খ্রীরাম তাঁহার বাক্য প্রবণে সম্ভুষ্ট হইরা সে निवम छथात्र वाम कतिरायन। त्रस्तमी প্रভाত इटेरम छाँशांद्रा ठिज्रकृष्ठे अर्व्यञान्त्रियुर्थ याजा कदिरानन । अवि-রাজ কিরদ্র তাঁহাদিগের সহিত গমন করিয়া বলিলেন, ইহার অনতিদ্বে মহানদী যমুনা দেখিতে পাইবেন; ঐ নদীতে নানাবিধ হিংস্র জলচর জন্ত আছে। আপনারা ব্দতি সাবধানে উড়ুপ দারা উত্তীর্ণ হইবেন'। নদী পার ছইয়া কিয়দ্র গমন করিলেই শ্যাম নামে বিখ্যাত এক ৰটবুক্ষ দৃষ্টিগোচর হইবে। সেই পাদপের নিকট বাহা প্রার্থনা করা যায়, তাহা লাভ হইতে পারে। জনক मिल्नीत यि (कान अखिलाय शांदक, अ तुक्रदक नमस्रोत করিয়া প্রার্থনা করিলেই প্রাপ্ত হইতে পারিবেন। তথা হইতে ক্রোশমাত্র গমন করিলে নীলবর্ণ অরগ্রশ্রেণী নম্নপথে অবতীর্ণ ছইবে। সেই চিত্রকৃট গমনের পথ। এইরূপ উপদেশ দিয়া ভরদাক ঝবি নিবৃত হইলেন।

রাম, লক্ষণ ও দীত। তাঁহাকে প্রণাম করিয়া কালি-ক্ষীর অভিমুখে গমন করিতে লাগিলেন। তথার উপস্থিত ছইয়া দেখিলেন, যমুনা প্রবল বেগে প্রবাহিত হইডে- ছেন। তাঁহারা তত্তীরজাত কাঠ আহরণ পূর্বক উড়ুপ নির্মাণ করিয়া নদী পার হইয়া সেই বৃক্ষকে প্রশিপাত ও প্রদক্ষিণ করিয়া রঘুক্লের কুশল প্রার্থনা করিতে লাগি-লেন। তাঁহারা এইরূপে ভরদ্বাজ প্রদর্শিত পথ বারা গমন করিয়া ক্রমে ক্রমে চিত্রকৃট গিরি প্রাপ্ত হইলেন।

রাম পর্বতোপরি আরু হইয়া সীতাকে বলিলেন **खिरा । (मध. नवनी बमावनी व नाम वनत्यिमे क्या**न রমণীয় শোভা হইরাছে। তরুগণ ফলভরে অবনত ও পলাশরাশিতে মণ্ডিত হইয়া কেমন অপূর্ব শ্রী ধারণ করিয়াছে। স্থানে স্থানে কিংশুক কর্ণিকার প্রভৃতি নানা জাতীয় কুস্তুমকলিকা বিকসিত হইতেছে, বকুলাবলী মুকুলিভ হইয়াছে। বহকার লভা মন্দ মন্দ গন্ধবছের সংযোগে আন্দোলিত হইয়া চারি দিক্ আমোদিত করি-তেছে। অমর অমরীরা মধুণানে মত হইরা ঋণ ঋণ ধ্বনি করিতেছে। কোকিলগণের কুত্রবে শরীর লোমা-ঞ্চিত হইতেছে। নানাজাতীয় বিহল্পগণ তরুশাখায় উপবিষ্ট হইয়া স্মধুর রব করিতেছে। স্থানে স্থানে স্থাতল শিলাতল ও স্থান্য লতাকুঞ্জ দৃষ্ট হইতেছে। মধ্যে মধ্যে অধিত্যকা হইতে নির্মার বারি ঝর্মার শব্দে পতিত হইতেছে। ক্ষণে ক্ষণে মন্দাকিনীর প্রবাহ হইতে মুল্লাব্য কল কল ধ্বনি উখিত হইয়া শ্রুতিপথ আনন্দিত করিতেছে। দেখ, এদিকে আবার কেমন মনোহর পর্বত-মালা দেখা যাইতেছে; উহার শুদ্ধ সকল এত উচ্চ বোধ হর, যেন গগনমগুলের স্পর্শাভিলাবে উন্নত হইতেছে।
সিংহ শার্দ্ প্রস্তৃতি হিংপ্র জন্তরা মাত্রু কুরঙ্গের সভিত
একত্র ক্রীড়া করিতেছে। বোধ হর তপস্বীদিগের আশ্রম
সন্নিহিত। অতএব এই আশ্রমসন্নিহিত স্থানে আমাদিগের অবস্থান করা কর্তবা। এই বলিয়া সেই স্থানে
অবস্থিতি করিলেন। রাম ও লক্ষ্মণ উভয়ে গজভয় দারু
আনয়ন করিয়া লতাবিতান দারা হুটী পর্বকৃটীর নির্দ্মাণ
করিলেন। বিদেহরাজনন্দিনী মৃত্তিকা দারা তাহা লেপন
করিতে লাগিলেন। অনস্তর তাঁহারা সেই স্থানে থাকিয়া
চিত্তকুটের বিচিত্র শোভা ও পুস্পফলোপশোভিত রমা
স্থান অবলোকন করিয়া ক্রমে ক্রমে বনবাস-হঃধ বিশ্বত
ছইলেন।

এদিকে স্থমন্ত অবোধাার প্রবিষ্ট হইরা দেখিলেন, আবোধ্যাপুরী আর্ত্তনাদে পরিপূর্ণ; পুরবাদীবা শোকলাগরে নিমগ্ন। কেছই স্কস্থচিত্ত নহে। তিনি প্রথমে রাজসমীপে উপস্থিত হইয়া রামচন্দ্রের অবোধ্যা হইতে বাজ্ঞাবিধি স্থরসরিৎ উত্তরণ পর্যান্ত যাবতীয় বুরান্ত বর্ণন করিলেন। রাজা শ্রবণনাত্র মৃচ্ছিত হইয়া ধরাতলে প্রতিত হইলা ধরাতলে প্রতিত হইলান বাজালা স্থমপ্রকে প্রত্যাগত দেখিয়া উচ্চৈঃস্বরে রোদন করিয়া কহিলেন, স্থমন্ত্র! তুয়ি আমার রাম,
সক্ষেণ ও দীতাকে কোথায় রাখিয়া আদিলে? কি বলিয়াই বা তাঁহাদিগকে বিদায় দিলে? তাঁহারা দেই দিংহ
শার্কিল প্রভৃতি খাপদ সমাকুল ভয়কর হর্গম অরশ্যে

কিন্নপে বাদ কৰিবেন ? যাঁহাৱা নানাবিধ স্থপাত উপা-দেয় দ্রব্য ভোত্মন করিতেন, তাঁহারা একণে কিরূপে কট ক্ষায়িত বনা ক্লম্ল আহার করিয়া ভীবন ধারণ করি-বেন ? যাঁহারা এই স্থাস্দ্র অটালিকামধ্যে স্থকোমল শ্যাায় শ্রুন করিয়া নিজা যাইতেন, তাঁছারা এক্ষণে কিরূপে পর্ণশালাতে তৃণশ্যায় শর্ন করিবেন ? যাঁহারা এই অযোধ্যানগরের প্রশস্ত রাজপথে যানার্চ চইয়া গমন করিতেন, তাঁহারা এক্ষণে কিরূপে কণ্টক্ষর তুর্গম অর্ণ্যে পদাতি হইয়া পরিভ্রমণ করিবেন ? ভতাগণ ছায়ার ন্যায় অনুগত থাকিয়া যাঁচাদিগের পরিচ্য্যা করিত. তাহারা কিরূপে দেই ভীষণ অরণো স্বয়ং বল্ধল আহরণ করিয়া পরিধান করিবেন ? অতএব তুমি আমাকে সেই ज्ञात्म लहेत्रा हन, आमि धकवात त्रामहत्त्वत मुश्रहक मित्री-ক্ষণ করিয়া ভাপিত হৃদ্য শীতল করি।

স্মন্ত সান্তনা বাকো কৌশল্যাকে কহিলেন, দেবি !
আপনি ধর্মশীল মহাত্মা রানের নিমিত্ত চিন্তা করিবেন
না। তিনি মহাপুরুষ; তাঁহার চিত্ত সামান্যজনের ন্যার
ভোগলালসার পরতন্ত্র নহে। তিনি যে স্থানে অবস্থান
করেন, সেই স্থানেই স্থা কন। সৌমিত্রি ও পতিপরারণা সীতা নিরস্তর তাঁহার গুল্লবার রত আছেন। তাঁহার
অধিষ্ঠানে সিংহ বাাঘাদি আরণ্য সন্ত সকল জাতিবৈর
পরিত্যাণ করিয়া একত্র অবস্থান করিতেছে। তাঁহাদিগের
নিমিত্ত আপনার কোন শক্ষা নাই। স্থাপনি শোক পরি-

ত্যাগ করুন। এইরূপ প্রবোধ বাক্যে কৌশল্যাকে আখাস দিয়া প্রস্থান করিলেন।

রাজা দশরথ রামচক্রের বিবাসন দিনাবধি আহার নিদ্রা পরিত্যাগ করিলেন। তাঁহার ছান্ম নিরম্ভর শোকা-নলে দগ্ধ হইতে লাগিল। সর্বা বিষয়েই তাঁহার বিষেব ফ্রিল। ক্রমে ক্রমে শ্রীর শীর্ণ হটরা গেল। তাঁহার অভিমদশা উপন্থিত ছইল। তিমি এক দিবস নিশীথ नमात्र (कोमनारिक वनितनम, श्रितः। मसूत्रारक चलाचल কর্মের ফল অবশাই ভোগ করিতে হয় সন্দেহ নাই। আমি পূর্বে অতি হছত কর্ম করিয়াছিলাম, একণে তাহারই প্রতিফল পাইতেছি। আমি শব্দভেদী বাণশিকা করিয়া-ছিলাম। তাহার পরীকার্থ এক দিন বর্ষাকালে ঘন-তিমিরাবৃত রজনীতে মৃগয়ার্থী হইয়া ধহুর্রাণ গ্রহণপূর্বক বর্যুতীরে এক নিভৃত স্থানে আঠত্তিত হইয়াছিলাম। ইতাবসরে এক মুনিকুমার জল গ্রহণার্থ উদকুম্ভ হস্তে লইয়া ঐ নদী তীরে আগত হইলেন। আমি তাঁহার কুস্ত পুরণের শব্দ শ্রবণ করিয়া দ্বিরদবৃংহিত ভ্রমে সেই শব্দ-ভেদী বাণ পরিত্যাগ করিলাম। বাণ পরিত্যাগ করিবা-মাত্র "হা তাত।" এই করুণ শব্দ আমার কর্ণকুহরে প্রবিষ্ট হইল। তথন আমি অতি বিষয় হইয়া সেই শব্দ লক্ষ্য করিরা ধাবমান হইলাম। দেখিলাম, জটাজিনধারী কৌমারব্রহ্মচারী তেজ:পুঞ্জশরীর এক অপূর্ব মুনিকুমার শরবিদ্ধ ও শোণিতাক্ত কলেবর হইয়া "হা তাত! হা

মাত: ৷ আমি হত হইলাম, হায় ! কোনু হুরাত্মা পামর আমার প্রাণসংহার করিল? আমার পিতা মাতা অন্ধ. পলিতকার ও চলৎশক্তিরহিত। তাঁহাদের আর কেহই নাই। কিরপে তাঁহারা জীবন ধারণ করিবেন ? কে তাঁহা-দের ভ্রশা করিবে? কুধাতুর হইলে কে তাঁহাদের বুভুকা নিবারণ করিবে? তৃষ্ণার্ত হইলে কে তাঁহাদের শিপাদা নিবারণ করিবে ? হা নৃশংস নরাধম! লোভান্ধ इहेग्रा এककारन कीवजन्नरक मश्हात कतिलि।" এहेन्नभ বিলাপ করিতেছেন। তাঁহাকে দেবিয়া ও তাঁহার পরি-দেবন বাক্য শ্ৰবণ কৰিয়া আমি হতবৃদ্ধি হইলাম। শ্ৰীৰ লোমাঞ্চিত হটল। যেন সেই শলা আমার জদয়ে বিদ্ধ হটল। আমি কি করিব, কিরূপেই বা ঋষিকুমারের জীবন রকা করিব, এই চিস্তার অস্থির হইলাম। পরিশেবে নিক-পায় হইয়া বলিলাম, হৈ মুনিকুমার ! এই পাপাত্মা নুরাধম অজ্ঞানবশতঃ আপনার প্রতি শরক্ষেপ করিয়াছে। একণে উপায় কি? আমি ক্তিয়কুলে জনগ্রহণ করিয়া ব্রশ্নহত্যা कविलाम, आमाब कि शिंछ इटेर्टर ? बलिया हिन ।

তপোধনযুবা দীর্ঘ নিশাস পরিত্যাগ করিয়া বলিলেন,
আর কি উপায় আছে। প্রাণ আমার কণ্ঠাগত হইয়াছে।
আমার অন্ধ পিতা মাতা পিপাসায় শুক্ত ইইয়া আমার
আশাস আখাসিত রহিয়াছেন। হয়ত তাঁহারাও এত॰
কণে প্রাণ পরিত্যাগ করিলেন। আমাদিগের আশ্রম
নিক্টবর্জী। তুমি এই পথ দিয়া শীষ্ড গমন করিয়াজল

প্রদান দারা তাঁহাদিগের প্রাণ রক্ষা কর। আর এই শলা বজ্ঞায়ি সংস্পর্শের ন্যার আমার হৃদয় দগ্ধ করিতেছে। এ বন্ধণা আর সহ্য হয় না। সত্বর শল্য উদ্ধৃত করিয়া আমার রেশ শাস্তি কর। তুমি ব্রহ্মহত্যার শস্কা করিও না। আমি ব্রহ্মণ নহি। শূলার গর্ভে ও ব্রাহ্মণের ঔরদে হুরুর এইণ কবিয়াছি। এই বলিয়া নিস্তব্ধ হুইলেন। তাঁহার এইরূপ বাক্য প্রবণে আমার চিত্ত আরও অভিশয় আকুল হুইতে লাগিল, আমি তাঁহার জীবন রক্ষণে বত্ধনা হুইয়া অভি সাবধানে তাঁহার হৃদয় হুইতে শল্য উদ্ধার করিলাম, কিন্তু কিছুতেই জীবন রক্ষা করিতে পারিলাম না। তিনি মৃহুর্ত্তকাল পরেই পরির্ত্তনেত্র ও বিচেষ্ট-মান হুইয়া দেহ পরিত্যাগ করিলেন।

অনস্তর আমি শোকাকুলচিত্তে জলকুন্ত হত্তে লইর।
মহাতপা অন্ধ তপোধনের আশ্রমে গমন করিলাম। তাপদ
ভৃষার্ত্ত হইরা ভার্যার দহিত পুত্রের প্রত্যাগমন প্রতীকা
করিতেছিলেন; আমার পদশন্ধ শ্রবণ করিবামাত্র বলিলেন,
রৎস! তোমার এক বিলম্ব হইল কেন? র্দ্ধ পিতা
মাতাকে পিপাসায় ক্রেশ দিয়া কি জলক্রীড়া করিতে হয়?
দোমার জননী ভৃষ্ণায় অতি কাতর ছইয়াছেন, শীঘ্র জল
প্রদান কর। আহা! তিনি তথনও জানিতে পারেন নাই
বে. ভাঁহার জীবনস্ক্রিয় তনয়কে সংহার করিয়াছি।
ভিনি পুত্রের প্রভৃত্তের না পাইয়া পুনর্কার বলিলেন,
বৎস! তুমি আমাদের প্রতি কি কুপিত হইয়াছ? নিউন্ধ

রহিল কেন

স্তম্ম পিতা মাতার প্রতি কোপ করা উচিত নছে। তৃমিই আমাদের চক্ষু:। তুমিই আমাদের সর্বস্থ ধন। তোমার সুধামর বাকা প্রবণ করিয়া আমরা জীবিত রহিয়াছি ! তাহাতেও ৰঞ্চিত করিলে কিরূপে প্রাণ ধারণ করিব । অত-এব বংস। কথা কহিয়া আমাদের উৎকণ্ঠা দুর কর। তুমি অন্দের যষ্টি, তুমি বই আমাদের আর কেহই নাই। মহাধর এইরপ কাতর বাকা শ্রবণে আমার চিত্র অন্তির হইয়া উঠিল। হৃদয়ের শোণিত শুষ্ক হইতে লাগিল। তথন আমার মনে মনে কত কোভ, কত অমুতাপ ও কত শহার উদয় হইতে লাগিল। আমি কি করিয়া ঋষির নিকটে গমন করিব, কেমন क्तिया है वा धह निमालन वाका छाहात कर्नरभावत केतिय, धहे চিন্তার বেপমান ও বিহবল হইলাম। পরে কৃতাঞ্জলি হুইয়া বাষ্প্রস্তাদস্বরে নিবেদন করিলাম, ওগবনু! আমি আপনার পুত্র নহি। আমি অতি নরাধম, রঘুকুলোডব, আমার নাম দশর্থ। আমি অতি ঘোরতর পাপাচরণ করিয়া আপনকার নিকটে আসিয়াছি, যাহাতে আমার পরিত্রাণ হয়, আপনি অতুকম্পা করিয়া তাহা করুন। এই বলিয়া তাঁহার পুত্রের নিধন বৃত্তান্ত আমুপূর্বিক নিবেদন কবিলাম।

অন্ধদম্পতী শ্রবণ করিবামাত্র অধীর হইয়া ধরাতবেশ মুদ্ধিত হইরা পড়িলেন, কিরৎক্ষণ পরে তাঁহাদের চৈতন্য হইল। তথন তাঁহারা হা বৎস! তুমি কোথায় রহিরাছ? তোমার অন্ধ পিতা মাতার কি উপায় করিয়া গেলেঃ (क आंत्र आमांनिगरक रमवा ভिक्त कतितव ? तक आमा-দিগকে সেহবাক্যে সম্ভাষণ করিবে ? কে আর আমাদের হুঃথে হুঃখী হইবে ? তুমিই আমাদের নয়ন, তুমিই আমা-निरंगत वन, जूमिरे आमानिरंगत वृद्धि, ও कीवरनाभात । তোমাকে পরিত্যাগ করিয়া কিরূপে প্রাণধারণ করিব? चात्र मध कीवरनत्रहे वा প্রয়োজন कि ? हा পাষাণ হৃদয়! তুমি এখন পর্যান্তও বিদীর্ণ হইতেছ না কেন ? হা ছুরা-শ্বন কৃতান্ত! অকের সর্বাস্থ্যন হরণ করিয়া তোমার কি পৌকৰ বৃদ্ধি হইল? হা নৃশংস নৃপাধম ! তুই রখু-कुरनांख्य इहेश यथार्थ छ छारनत्र कर्मा कतिनि। এই स्रार्थ ক্রুণখবে বাদন করিয়া আমাকে বলিলেন, রে হুরাখান ! ভুই যে স্থানে আমার পুত্রকে সংহার করিয়াছিস্, সেই স্থানে আমাদিগকে লইয়া চল। আমরা একবার জম্মের শত তনমকে স্পূর্ণ করিয়া সম্ভপ্ত আঁক্ষ শীতল করি। তাঁহা-দিগের এইরূপ বাক্যে অতি মিয়মাণ ও বিষয় হইয়া তঁহাদিগকে মৃত পুত্রের নিকট লইয়া গেলাম। তাঁহারা পুত্রের শরীর স্পর্শ করিয়া আর্তস্বরে রোদন করিভে লাগিলেন। স্নিপত্নী মৃত পুত্ৰকে ক্ৰোড়ে লইয়া মুথচুম্বৰ করিয়া বাষ্পরুদ্ধকণ্ঠে কহিতে লাগিলেন বংন ৷ গাত্রো-थांन करा आंत्र खननीटक क्रिन पिछ ना। आंगांक या বলিরা ডাকে এমভ আর কেহই নাই। তুমি একবার মা ৰলিয়া আমার কর্ণ ও হাদ্য শীতল কর। এইরূপ বিলাপ করি য়া ধুলিতে বিলুষ্ঠিত হইতে লাগিলেন। অন্ধ মুনি

পুত্রকে আলিন্ধন করিয়া বলিলেন, বংস ৷ আমি ভোমার পিতা, এই তোমার স্নেহময়ী জননী, আমাদিগকে সম্ভাষণ করিতেছ না কেন ? তুমি আমাদিগের প্রতি সমস্ত দয়া মারা বিশ্বত হইয়া গেলে ? কে আর আমাদিগকে অরণ্য হইতে ফল মূল আনিয়া দিবে? আমি অন্ধ শক্তিহীন, কিরূপে তোমার অন্ধ জননীকে ভরণ পোষণ করিব ? আর আমি বাত্তিশেষে কাছার বেদপাঠ শ্রবণ করিয়া কর্ণ শীতল করিব ? বংস ত্রৈমাকে পরিত্যাগ করিয়া ক্ষণকাল জীবন ধারণে সমর্থ নহি। আমরা তোমার সহিত গমন করিয়া ক্লতান্তের নিকট তোমাকে ভিকা করিয়া লইব। এইরূপে রোদন করিতে লাগিলেন। পরিশেষে মহর্ষি পুত্রের ঔর্জ-দেহিক কার্য্য সম্পাদন করিয়া রোযাধিত হইয়া আমাকে এই অভিশাপ দিলেন, রে নরাধম! যেমন তুই আমাদিগের জরাজীর্ণ শরীরে পুত্রশোকাগ্নি প্রজলিত করিয়া দিলি, বেমন আমাদিগকে শেষ দশায় পুত্রশোকে প্রাণত্যাগ ক্ষিতে হইল, তেমনি ভোমাকেও অন্তিম কালে পুত্র পুত্র করিয়া প্রাণত্যাপ করিতে হইবে। দশরথ এইরূপে শাপ-বুত্তান্ত বর্ণন করিয়া বলিলেন, বোধ হয় সেই অভিশাপ অদা ফলোমুধ হইয়াছে। আর আমি চকুতে দেখিতে পাই না; কর্ণেও গুনিতে পাই না; আমার, শরীর ক্রমশঃ অবসর হইতেছে। একণে প্রিয়দর্শন রাম আমার গাত্র ম্পর্শ করিলেই শরীর শীতল হয়। তাঁহাকে দেখিলেই আমি স্তুত্ইতে পারি। হারাম ! হা লক্ষণ । হা সীতে !

তোমরা কোথার রহিলে, একবার দেখা দিয়া আমার প্রাণ রক্ষা কর। এই কথা বলিয়া রাজা নয়নদর নিমীলন ও মৌনভাব অবলম্বন করিলেন।

কৌশল্যা তাঁহাকে তৃষ্ণীন্তত দেখিয়া বোধ করিলেন রাজা নিদ্রিত হইলেন। কিন্তু রাজা যে দীর্ঘ নিদ্রা প্রাপ্ত इस्टिनन, ठाहा युक्टिक शादित्नन ना। दकोमना विनाश করিয়া অতিশর কাতর হুইয়াছিলেন, স্নুতরাং অবিলখে নিজাভিভূতা হইলেন। যামিনী প্রভাত হইল। বন্দিগণ আসিয়া রাজার মিদা ভঙ্গের নিমিত জতিপাঠ করিছে লাগিল। রাজা কোনরপেই বিনিদ্র ইইলেন না। তথন রাজমহিষীপণ গৃহমধ্যে প্রবিষ্ঠ হইয়া দেখিলেন রাজার নিমীলিত নর্ন, শরীর নিষ্পল, মুখ মান ও খাদ রুদ্ধ হইয়া গিয়াছে। পতিকে একপ দেখিলে কে স্থান্থির হইতে পারে ? জাঁহার। সকলেই উচৈচঃস্বরে রোদন করিয়া উঠিলেন। কেহ শিরস্তাড়ন কেহ বা হৃদয়ে করালাত করিতে লাগিলেন। কেহবা ভূতলে পতিত হইলেন। স্থমি তাদেবী মৃচ্ছাপন্ন হইলেন। পতিপ্রাণা কৌশল্যা পুত্র-শোকে শীৰ্ণ ও মৃতপ্ৰায়া হইয়াছিলেন, পতিৰিয়োগ তাঁহার অতিশয় অবস্থ হইয়া উঠিল। তাঁহার হৃদয় যেন শতধা হইয়া . বিদীর্ণ হইতে লাগিল। তিনি ভর্তার চরণযুগল গ্রাহণ করিয়া কাতরস্বরে বিলাপ করিভে मांतिरनन, शानांथ! शाकीविरङम! वांत्रीन वांमांतिरशंत আজি স্বেংশূন্য হইয়া কোথায় চলিলেন ? কে আর

আমাদিগকে প্রিয়বাক্যে পরিভন্ন করিবে ? আপনি আমা-দিগকে চিরবিরহিণী ও চিরত্ব:খিনী করিলেন। আপ-নিই যখার্থ পুণাাড়া আপনিই ষথার্থ সাধু, আপনি অনা-शास्त (माकमानव इटेल्ड डेडीर्न इटेलन) आभनात्क আর রামের বিয়োগ জন্য ছর্বিষহ যন্ত্রণা সহ্য করিতে হটল না। আমি অতি হতভাগ্য । কেবল ছঃখ ভোগ করিবাব নিমিত্ত জীবীত রহিলাম। হারাম । হালক্ষণ। তোমরা পিতৃহীন হইলে। তোমাদের পিতা তোমাদের অদশনে পৃথিবী পরিত্যাগ করিলেন। হা ছুরাচারিণি কৈকেয়ি! ভোমার মনস্কামনা পূর্ণ হইল। ভোমার কার্যা-कार्या वित्वहना नाहे, धर्माधर्म (वाध नाहे, लाकलब्जात ভর নাই, নিন্দাবা মানহানির শরা নাই। তুমি অর্থ লালসায়. এই বিষম অনর্থ ঘটাইলে। ভোমা হইতেই এই সর্ক্রাশ হটল। হা ত্রাকাজ্ফিণি। তোমার অসাধ্য কিছুই নাই। তুমি পুত্রকে নির্বাসিত করিয়া পতিহত্যার পাপে লিপ্ত হইলে। হে নাথ! আমি শোকবিমোহিত হটয়া আপনার নিকটে যদি কোন অপরাধ করিয়া থাকি, ভাহা कला करिया क्या करून। এই विलय विलाल करिएक वाशिव्यम्।

মহর্ষি বশিষ্ঠ, বামদেব, জাবালি, কশ্যপ প্রভৃতি অমাত্য ও বাদ্ধবগণ রাজার পরলোক প্রাপ্তির সমাচার প্রবণ করিয়া অত্যন্ত কাতর হইলেন এবং রাজভবনে উপ্তিত হইরা সকলকে সান্ধনা করিতে লাগিলেন। স্থম

ভণোনিধি বশিষ্ঠদেবকে বলিলেন রামচক্র অরণো গমন করিয়াছেন। লক্ষাও তাহার দহিত অরণা বাদ আপ্রর করিয়াছেন। ভবত ও শক্রম্ম উভয়েই মাতুলালয়ে অব-ছিতি কয়িতেছেন। রাষ্ট্র রাজশূনা হইল। এক্ষণে কতবা কি ? রাজ্য অরাজক হইলে বহু অনিষ্ঠ ঘটনা হইবে। দস্য তম্বরেয়া নির্ভয়ে উপদ্রব করিবে। প্রজাগণ স্থাব কালহরণ করিতে সমর্থ হইবে না। বলবান্লোকেরা ছব্ব-লের প্রতি অভ্যাচার ও তাহার সর্বাস্থ হইয়া লইবে। সকলই ধর্মকার্য্যের অনুষ্ঠানে পরামুধ হইয়া লইতে পাপপক্ষে লিপ্ত হইবে। অভএব এক ব্যক্তিকে বাজপদে অভিষক্ত করা কর্ত্বা।

বশিষ্ঠদেব সকলের সহিত পরামর্শ করিয়া তরতের আনেরনার্থ কার্য্যদক্ষ দৃত্তদিগকে গিরিব্রজপুরে পাঠাইয়া দিলেন এবং নরপতিকে তৈললোণীতে নিক্ষেপ করিলেন। দৃতগণ আদেশমাত্র ফরাম্বিত হইয়া হস্তিনা পাঞাল প্রভৃতি নানা জনপদ অতিক্রম করিয়া সপ্ত দিবসে গিরিব্রজপুরে উপস্থিত হইল। যে দিবস দৃতেরা গিরিব্রজপুরে উপস্থিত হইল। যে দিবস দৃতেরা গিরিব্রজপুরে উপস্থিত হইল। যে দিবস দৃতেরা গিরিব্রজপুরে উপস্থিত হয়, তাহার পূর্বারাত্রে ভরত ছঃম্বর্ম দর্শন করিয়াছিলেন। তিনি বয়স্যাগণের নিকট বিষয়বদনে বিদ্যালিশ। আমি রজনীশেষে অতি অমঙ্গল স্চক ম্বর্মালন করিয়াছি, যেন চক্রমা ভৃতলে পতিত হইরাছেন। দিবাকর রাছগ্রস্ত হইরাছেন। অস্তোনিধি হইতছেছে। মহাক্রমা সকল উৎপার্টিত হইতছেছে ।

শৈল্পির ভূমিশাৎ হইতেছে। পিতা রক্তবন্ত্র প্রিধান করিয়া দক্ষিণাভিমূধে গমন কবিতেছেন। আমি কথন পর্বতশৃত্র হইতে পতিত, কথন বা গোমেয় চাদে নিময় হইতেছি। কথন বা ক্রেন্সন, কথন বা হাস্য করিছেছি। এইরপ অন্তত স্থা দর্শনে আমার মন অতি ব্যাকৃল হইন্রাছে, আর আমি স্তির হইতে পাবি না। কিরুপে অমান ধার সমাদ প্রাপ্ত হইব। ভরত এইরপে অমান্তন স্থানদর্শন বর্ণন করিভেছেন এমত সময়ে অধ্যোধাবাসী দূতগণ সন্মুধে দণ্ডায়মান হইল। তিনি সহসা দৃতদিগকে সমাগত দেখিয়া অধিকতর উৎক্তিত হইয়া অধ্যোধ্যার কুশল সমাচার জিজ্ঞাসা করিলেন।

দ্তগণ রামের বনবাস ও রাজার মৃত্যু বৃস্তান্ত গোপন করিয়া সন্ত্যান্ত হটয়। খলিত মরে নিবেদন করিল নৃপক্ষার! সমুদারই মঙ্গল। নৃপতি আপনাদিগকে দর্শন করিবার নিমিত্ত নিতান্ত উৎস্লক হইয়াছেন। অতএব আপনারা সমর অযোগা গমনের উদ্যোগ ককন। দৃতগণ প্রক্লজকবা গোপন করিল। কিন্তু ভরত তাহাদের ভাব দর্শনে স্পটই বৃবিতে পাবিলেন অযোগ্যায় অমকল ঘটিয়াছে। তিনি পূর্ব্বাপেকা অধিকতর উদিগ্র হইয়া মাতামতের নিকট অযোগ্যা গমনের অত্মতি গ্রহণ করিলেন। কেকম্বনাক্ত তাহাদিগকে নানাবিধ রত্ম ও অলম্বারাদি প্রদান করিয়া বিদায় করিয়া দিলেন। তাঁহারা তৎক্রণাৎ রখাক্ত হইয়া ক্রমে ক্রেম্ব নানা জনপদ অতিক্রম করিয়া

সাত দিনে অযোধানিগবের সন্নিকর্ষে উপস্থিত হুইলেন।
উপস্থিত হুইয়া বলিলেন সাবেথে! যে অযোধাবাসী জনগণের কোলাইল শব্দ বহুদ্ব হুইতে শ্রুতিগোচর ইুইত,
সেই অযোধা অদা নিঃশব্দ ও নিস্তব্ধ দৃষ্ট ইুইতেছে।
রাজপথ জনশ্ন্য হুইয়ছে। নট নর্তুকেরা নৃতাগীত পরিভ্যাগ করিয়ছে। অযোধাকে শ্রীল্রটের নাায় দেখাইতেছে কারণ কি

এই কথা বলিতে বলিতে তাঁহারা নগরী
মধ্যে প্রবিষ্ট ইুইলেন। ভরতের মন পিতার অনিষ্ট
শক্ষার আকুলিত হুইয়াছিল। অতএব তিনি অন্য কোন
স্থানে বিলম্ব না করিয়া অত্যে পিতার বাসবভনে গমন
ক্রিলেন। তথার পিতাকে দেখিতে না পাইয়া মাতৃসমীপে
গমন করিয়া তাঁহার চরণে প্রণাম করিলেন।

কৈকেয়ী পুত্রকে বছদিনের পর আগত দেখিয়া হাইচিত্তে পিত্রালয়ের কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলেন।
ভরত সংক্ষেপে মাতামহগৃহের কুশল সম্বাদ প্রদান করিয়া
বলিলেন মাতঃ! অদ্য আমি অযোধ্যাবাসী সকলকেই
নিরুৎসাহ ও নিরানন্দ দেখিতেছি, পিতাকেও তাহার
গৃহে দেখিতে পাইলাম না ইহার কারণ কি? আমার মন
অতি উৎকণ্ঠিত হইয়াছে। আপনি কারণ বলিয়া আমার
উৎকণ্ঠা দূর করুন। কৈকেয়ী কহিলেন বৎস! মহারাজ
ভোমার প্রতি রাজ্যভার অর্পন করিয়া অ্র্গারোহণ করিয়াছেন। ভরত এই নিদারণ বাক্য প্রবণ করিবমাত্র ছিয়মুল্ ভরত্ব নাম ক্রিতিতলে পত্রিত হইয়া রোদন করিছে

লাগিলেন। কৈকেয়ী রোক্রদামান ভরতকে সাম্বনা করিয়া বলিলেন পুত্র তামার ধন্মপরায়ণ পিতা এস্থান অপেকা উৎকৃষ্ট স্থানে গমন করিয়ছেন, তাঁহার নিমিন্ত শোক করা উচিত হয় না। একণে মাহাতে রাজ্য স্থাসিত হয়, তাহার উপায় কর।

ভরত অতিশয় হুঃখিত হইয়া বলিলেন মাতঃ ! রাজা প্রিরপুত্র রামকে রাজ্যে অভিনিক্ত করিবেন অথবা যজ করিবেন এই মনে কবিয়া আমি সম্বর আসিরাছি। কিন্তু আমি এই স্থানে উপস্থিত ছইয়া পিতার সরণ সমাচার শ্রবণ করিলাম। আমার তুল্য অধম আর নাই। আমি পিতার মবণ সময়ে তাঁহার পরিচর্যাা করিতে পারি-লাম না। রাম ও লক্ষণ ইহারাই ধন্য। তাঁহারা পিতাব অন্তিমকাল কর্ত্তব্য সমূদয় করিয়াছেন। হে মাতঃ। আমাব পিডা কি বাাধি বশতঃ লোকান্তর গমন করিয়াছেন? মৃত্যুকালেই বা আমার হিতার্থ কি কথা বলিয়া গিয়া-ছেন? আপনি বিশেষ করিয়া তৎসম্পার আমাকে বলুন। কৈকেমী বলিলেন তোমার পিতা হা রাম ৷ হা লক্ষণ ! এই বলিয়া কাতরখনে বহু বিলাপ করিয়া প্রাণভ্যাপ করিয়াছেন। ভরত দিতীয় অপ্রিয় কথা প্রবণে অতি বিষয় হইয়া জিজ্ঞানা করিলেন, শ্রীরাম ও লক্ষণ কোথার গিমাছেন? পুতা রাজালোভে সম্ভষ্ট হইবে মনে করিয়া নিল্জা কৈকেয়ী বলিলেন, বৎস! তোমার পিতা রামকে অব্বাবাদে নিযুক্ত করিয়া এবং তোমাকে রাজ্যভার দিরা

পুত্রশোকে প্রাণত্যাগ করিয়াছেন। আর লক্ষণ ও সীতা শ্রীরামের সহিত গমন করিয়াছেন।

ভরত জিজ্ঞাসা করিলেন, পিতা প্রাণাপেকাও প্রিয়তম রামকে কি অপরাধে বনে নির্বাসিত করিলেন ? রাম
কি ব্রাহ্মণবধ, ব্রহ্মস্থ-হরণ, অথবা প্রজাপীড়ন করিয়াছিলেন ? কৈকেয়ী কহিলেন, বংস ! পরম ধার্ম্মিক রাম
কুকর্ম্ম করিবেন ইছা কোন ক্রমেই সম্ভাবিত নহে। আমি
রামের যৌবরাজ্যাভিষেক সম্বাদ শ্রবণ করিয়া রাজার
নিকটে তোমার রাজ্যাভিষেক ও রামের চতুর্দ্দশবর্ষ বনবাস
প্রার্থনা করিয়াছিলাম। রাজা আমার অভিল্যিত বর
প্রানান করিবেন অজীকার করিয়াছিলেন, এক্ষণে আমার
মনোরথ পূর্ণ করিয়াছেন। আমি তোমার নিমিত্ত এই
পরিশ্রম করিয়াছি। অতএব তুমি রাজ্যগ্রহণ করিয়া আমার
শ্রম সফল কর।

ভরত পিতার মৃত্যু ও ভাতার বনবাসের কথা শ্রবণ করিয়া নিতান্ত ব্যাকুল হইয়া কহিলেন, মাতঃ! তৃমি নিরপবাধ রামকে বনে নির্কাসিত করিয়া স্বয়ং ঘোরতর নরকে গমন করিলে, আমাকেও অযশভাগী করিলে। পিতা ও পিতৃতুল্য ভাতা আমাকে পরিভাগে করিলেন, আর আমার রাজ্য ও ভোগ স্থেরে প্রয়োজন কি ? আমি প্রাণভ্যাগ করি, তৃমি স্থী হও। এই হর্কহ রাজ্যভার বহন করি আমার এরপ সামর্থা নাই। সামর্থ্য হইলেও আমি তোমার মনোরথ পূর্ণ করিব না। আমি ব্রীরামকে

বন হইতে নিবর্তিত করিয়া স্বয়ং চতুদ্দশবর্ষ বনে বাস করিব। এই কথা কহিয়া তিনি উচ্চঃস্বরে রোজন করিতে আরম্ভ করিলেন।

শক্রম ভরতের আর্ত্তনাদ প্রবণ করিয়া তথায় উপস্থিত হইবান এবং কৈকেয়ী কুজার বাক্যের বশীভূত হইরা রামকে প্রবাজিত করিয়াছেন শুনিয়া কহিতে লাগিলেন রাম বিদান্ ও বৃদ্ধিমান হইয়া স্ত্রীলোকের কথায় বন গমন করিলেন কেন? আর বলবীর্য্যান্তসম্পন্ন লক্ষণ পিতৃবাক্য প্রহণ না করিয়া বলপূর্কক রামকে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন না কেন? রোষলোহিতাক্ষ শক্রম এইরূপ আক্ষেপ করিতেছিলেন এমত সময়ে কুজা শুল্ল বসন ও আভরণে ভূষিত হইয়া দার দেশে আগত হইল। ভর্মা ভাষাকে দেখিয়া শক্রম্মকে কহিলেন, ভ্রাতঃ! এই পাপরসী হইতেই আ্মাদিগের এত অনর্থ আপতিত হইয়াছে।

শক্রম ঐ কথা শ্রবণমাত্র ক্রোধান্ধ হইয়া কুলার গলদেশ গ্রহণ করিলেন এবং ভাহার বদন পাংশু দারা পরিপ্রিত করিয়া বলিতে লাগিলেন রে পাপীয়িসি! তুই এই সর্বানাশের মূল; অদাই তোকে শমনভবনে প্রেরণ করিব। এই বলিয়া ক্রিভেলে কেলিয়া আকর্ষণ করিছে লাগিলেন। কুলার স্থীগণ ভয়ে বিহ্নল হইয়া উচ্চৈঃস্বরে চিৎকার করিতে লাগিল। কৈকেয়ী কুলার হর্দশা দর্শনে হংথিত হইয়া ভাহার প্রাণরক্ষার্থ ভরতকে অনু-

বোধ করিতে লাগিলেন। ভরত শক্তমকে বলিলেন আতঃ! ক্ষান্ত হও। স্ত্রীজাতি অবধ্যা; বিশেষতঃ কুজা পরপ্রোয়া; ইহাকে বধ কবিলে অয়শ হইবে এবং রামচক্র জানিতে পারিলে তোমাকে ও আমাকে পরিত্যাগ করিবেন। শক্তম লাভ্যাক্যে কুজাকে পরিভ্যাগ করিলেন।

অনস্তর ভরত শত্রুত্বকে স্থোধন করিয়া কহিলেন জাত:! স্কলই অদুপ্রায়ত! মহুষ্য অদ্প্রের বশ্বর্জী হইরাই স্থ হুঃখভোগ ও সং ও অসংকার্ফো প্রবৃত্তি বিধান করিয়া থাকে। আমার মাতা ছার্দ্ধিব বশতঃ এই গহিত অযশন্ধর কার্য্য করিয়াছেন। দৈবই সর্বরিগুণাবিত এলংখাচিত রামক্রকে ছ:থে নিক্ষিপ্ত করিয়াছে। আমি ব্লিক্ষণ বৃছিতেটি আমার জননী টেলবপাশে নিয়ঞ্জিত হইয়া লোকবিগর্হিত কর্ম্ম করিয়াছেন। কিন্তু আমি কিরপে মাতা কৌশল্যার সহিত সাঁক্ষাৎ করিব, তিনিই বা কি মনে করিবেন, এই ভাবিয়া আমার অন্তঃকরণ অভিশয় ব্যাকুল হইতেছে। যাহা হউক, চল একবার জোষ্ঠা মাতার সহিত সাক্ষাৎ করিয়া আসি। এই কথা ৰলিয়া শক্রন্থের সহিত কৌশল্যার নিকট গমন করিলেন। কৌশল্যাও তাঁহাদিগের আর্ত্তনাদ শ্রবণ করিয়া তাঁহাদের মহিত সাক্ষাৎ করিতে আসিতেছিলেন। ভরত ও শক্তম কৌশল্যাকে দূর হইতে দেখিতে পাইয়া তাঁহাকে প্রণাম করিয়া শোকে মৃদ্ধিত হইয়া ভূতলে পতিত হইলেন। কৌশল্যা তাঁহাদিগকে ভূমি ছইতে তুলিয়া পরুষ্বচনে

বলিলেন ভরত! তুমি, বে রাজ্যলাভের অভিলাষ করিছাছিলে, তোমার মাতা চাত্রী করিয়া তাহা প্রার্থনা
করিয়া লইয়াছেন। তুমি এক্ষণে সেই লক্করাজ্য অকশ্রুকে ভোগ কর। আমার পুত্র রাম, সীতা ও লক্ষ্মণের
সহিত যে স্থানে গমন করিয়াছেন, আমিও স্থমিত্রার
সহিত কেই স্থানেই গমন করিয়। তুমি আমাকে লইয়া
চলা।

खत्र अहे निमांकन वाका स्मावन कतिहा अक्षणियसन शृक्षक कोमनारक वनितन, याजः! आश्रीन मवित्मव ना জানির। অকারণ ভর্ণনা করিতেছেন। আমি ইহার কিছুমাত্র কানি না। রামের প্রতি আমার যে স্থির ভক্তি ও প্রীতি আছে তাহা **আপনি অবগত আছেন।** আমি বৰি রাজ্যলোলুপ হইয়া রামের বনবাদে দক্ষতি প্রদান করিয়া थाकि, जारा रहेत्वर मिजामारी, कुठप्र, धकरबा, मिथा-ৰাদী ও পরস্বাপহারীর বে পাতক হয়, আমি সেই পাপে লিপ্ত হইব। ভরত এইরূপ বারন্ধার শৃপথ করান্তে কৌশন্যা কহিলেন, বংস ! তুমি গুদ্ধসভাব ধাৰ্মিক; टामान कान लाव नाहे, हेहा जामान विनक्त क्रममन्म হইতেছে। জুমি আর এরপ শপক করিও না। তুমি রামের ন্যায় বে, ধর্মপথ হইতে বিচলিত হও নাই, ইহা আঙ্গার আনন্দের বিষয়। একণে ডোমার প্রভীক্ষায় রাজার শরীর তৈলদ্রোণীতে নিহিত রহিয়াছে। তুমি তাঁহার व्यासाहिकिया विधिवः गण्णानन कविया भव्रम स्थ ध्वजा-

পালন কর, এবং দীর্ঘজীবী হইরা স্বকুলোচিত ধর্ম লাভ

কৌশলার এইরপ বাক্য প্রবণ করিয়া ভরতের খোক-সাগর উচ্ছলিত হইর। উঠিল। তিনি নিতান্ত অধৈয় হইয়া বিলাপ করিতে লাগিলেন। দিবাকর অন্তগত হইল। বশিষ্ঠদেব, বামদেব প্রভৃতি অমাত্যগণ, ভরত আসিয়াছেন ওনিয়া তাঁহার নিকটে আগমন করিলেন। ছেবিলেন, ভরক অধামুধ হইয়া রোদন করিতেছেন। बिष्ठेतिव छाँशांक वनित्नन, त्राव्कक्रमात्र! त्व वाक्ति षां भरकारम देश यां मानी इटेशा कर्छ वाकार्यात प्रकृष्टीरन সমর্থ হয়, লোকে তাহাকেই পণ্ডিত বলে। তুমি বিহান্ ও বৃদ্ধিমান হইয়া এক্লপ শোকার্ত হইতেছ কেন ? পণ্ডিত ব্যক্তি সর্বাম্ব বিনষ্ট হইলেও খোক, মোহের বখীভূত হন ना। यपि শোক বা রোদন করিলে মৃতব্যক্তি পুনজীবিত इरेंड, जारा रहेल आमता नकल्वे त्रापन कतिया महा-ব্লাজকে পুনজীবিভ করিতাম। অতএব শোকাবেগ সম্বরণ করিয়া পুত্রের অবশ্য কর্তব্য পিভার ঔদ্ধ দৈহিক কার্য্য সম্পাদন কর। অশ্রুজন মোচন ক্রিলে স্বর্গত ব্যক্তি স্বৰ্গ হইতে নিপতিত হয়। তুমি অঞ্জল পরিত্যাগ করিয়া পিডাকে স্বর্গ হইতে পাতিত করিও না। যাহাতে তাঁহার স্লাতি হয় তাহা কর। ভরতকে এইরূপে সাম্বনা করিয়া তাঁহারা ষ্থান্থানে গমন করিলেন। ভরত অতি ष्ट्रार्थ (म त्रक्षनी अछिवांहिछ कतिरामन । পत्रमिन एर्यगानम ছইলে অন্ত্যেষ্টিক্রিরার উপবোগী ধাবতীর ক্রব্য সামগ্রী আহত হইল। ভরত ও শক্রম অমাত্যগণের সহিত যথা-শাস্ত্র রাজার অগ্নিসংস্থার করিলেন। তাঁহারা রাজার मारामि कार्या कतिया भूतेमध्य अविष्टे हरेटनन ; भूतवांनीता পুনর্কার ক্রন্দনকোলাহল করিয়া উঠিল। ভরত অতিশর শোকাতৃর হইয়া অশৌচ-কালোচিত যত্যাচার করিতে লাগিলেন। দাদশ দিবস অভীত হইলে, ভরত পিতার শ্রাদ্ধ তর্পণাদি ক্রিয়া ধর্ণাবিধি সম্পন্ন করিলেন। মন্ত্রিগণ ভাঁহাকে বাজ্যে অভিধিক্ত করিবার মানসে একটা সভা করিলেন। অমাত্য, বান্ধব ও সভাসদগণ সকলেই সভার উপস্থিত ছইলেন। সভামধ্যে ঋষিশ্রেষ্ঠ বশিষ্ঠদেব ভর-फरक मरवाधन कतिया कहिरणन, चुनकुमात्र। महाताक अहे ধনধানাবতী সুসমুদ্ধ রাজ সম্পত্তি ভোমাকে প্রদান করিরা স্বর্গে গমন করিয়।ছেন। ভোমার জ্যেষ্ঠ ভ্রাতাও পিতৃ-আজা প্রতিপাননার্থ এই অফণ্টক রাজ্য তোমাকে অর্পণ कविशास्त्र । नानारमणीय नुभश्य नानाविध द्रञ्च छेश्रहात्र দিতেছেন। প্রধান প্রধান প্রজাগণ ও অমাতাগণ সভা-মধ্যে উপস্থিত আছেন, সকলেরই অভিলাষ যে ভূমি অভিষিক্ত হটরা রাজধর্মাতুসারে প্রজাপালন কর।

ভরত বশিষ্ঠদেবের এই কথা শুনিয়া অভিশয় শোকার্ড হইরা বলিলেন মহর্বে! বৃদ্ধিমান, ধার্ম্মিক, সর্বাঞ্চলমার জ্যেষ্ঠ ভাতৃসত্বে আপনি আমাকে কিরুপে রাজ্যভার প্রহণ ক্রিতে আদেশ করিতেছেন। রামচক্তই এই স্নাঞ্চার

ष्मिकाती। তিনি বর্তমানে यपि আমি রাজা গ্রহণ করি, তাহা হইলে আমার রাজ্য অপহরণ করা হইবে। আমি ইক্ষুকুলে অন্ম গ্রহণ করিয়া এই অম্বর্গা ও অফশস্কর পাপ কর্ম করিয়া সেই নিষ্কলম্ভ কুল কলম্বিত করিতে অভিলাব করি না। আনি রামচক্রকে অরণ্য হইতে আন-মন করিবার চেষ্টা করিব, যদি একাত্তই তাঁহার মত পরি-বর্ত্তনে সমর্থ না হই, তাছা হইলে আমিও লক্ষণের স্তায় তাঁহার অফুচর হইয়া সেই বনে বাস করিব। আমি সেই সর্ব্ধগুণাকর রামচন্দ্র বাতিরেকে ক্ষণকাল অযোধ্যায় বাস করিতে সমর্থ নহি। পিতা লোকান্তর পদন করিয়াছেন. একণে দেই জোঠভাতাই পিতার ভার আমার রকা-কর্তা। সভাসদাণ ভরতের স্থায়াত্পত বাক্য প্রবণ করিয়া আনশাশ্র পরিত্যাপ পূর্মক তাঁহাকে সাধুবাদ করিতে লাগিলেন।

অনস্তর ভরত রামের আনয়নার্থ অরণ্যপমনের উদ্যোগ
করিলেন। হস্তী, অর্থ, রথ প্রভৃতি চত্রসংসনা স্থসঞ্জিত হইল। পুরবাসীরা ভরতের সহিত রামসরিধানে
গমনোদ্যত হইল। কৌশল্যা, কৈকেরী, স্থমিতা প্রভৃতি
পুরপ্রন্ধীগণ রাম সন্দর্শনে সম্থম্মক হইরা রখে আরক্
হইলেন। এইরপে সম্দার উদ্যোগ হইলে ভরত ও শক্রম
পুরোহিত ও মন্ত্রিপ বেষ্টিত হইয়া অরণ্যে যাতা করিলেন। তাঁহারা তমসা নদী উত্তীর্ণ হইয়া ক্রমে ক্রমে নানা
ক্রমণ্য অভিক্রম করিয়া শৃক্বের পুরে উপস্থিত হইলেন।

ভখায় প্রহের নিকট শ্রীরাম ও লক্ষণের জটাবন্ধন বুড়াস্ত শ্রবণ করিয়া অতিশয় শোকসম্ভপ্ত হইলেন। অনস্তর শুহ-প্রদর্শিত পথ অবলম্বন করিয়া ভরদাজ মুনির আশ্রমা-ভিমথে গমন করিলেন। নিষাদপতিও তাঁছাদিগের সমভিব্যাহারে গেলেন। ভরত ভরদাজ্ তপ্রোধনের আশ্র-মের সরিহিত হট্যা মনে করিলেন, সমস্ত সৈন্য সামস্তের সহিত ঋবির আশামন গমন করিলে আশামণীড়া ও মহ-ধির কট্ট হটতে পারে। এই বিবেচনা করিয়া আশ্রমের কিঞিৎ দূবে সেনাগণতে রাখিয়া বশিষ্ঠদেবের সহিত মহর্ষি ভবরাজের নিকট গমন করিলেন। ভররাজ তপো-ধন তাঁহাদিগকে যথোচিত সমাদর পূর্বক ভরত ও শক্র-ছের পরিচয় লইয়া, রাজ্যের কুশল ও তাহাদিগের আগ-মন প্রয়োজন জিজাসা করিলেন। ভরত ঋষির চরণে প্রণাম করিয়া পিতার পরলোক প্রাপ্তি ও রামের আনয়-নার্থ আপনাদিগের দৈনাসহ অরণাগমন বার্তা নিবেদন कदिरान । भव्षि अवग कदिया व्यक्तिमान अअध्याहन পূর্বক বলিলেন, ভরত! তুমি যথার্থ ই ইক্লাকুবংশের অব-তংস, যেমন বংশে জন্ম, ভত্নপযুক্ত কার্য্য করিয়াছ, তোমা-चात्रारे कूल मभूब्दल स्टेग्नारह। এই कथा विलग्ना रेम्ना শাষক্ত প্রভৃতি অমুচরগণকে আশ্রমে আনয়ন করিতে আদেশ করিলেন। ভরত তৎক্ষণাৎ তাঁহার আজ্ঞা সম্পাদন করিলেন।

তপোনিধি পরম প্রীত হইয়া অমিগৃহে প্রবেশপূর্বক

আচমন করিয়া বিশ্বকশ্বাকে আহ্বান করিলেন। বিশ্ব-कर्या स्वरताक इहेरछ, व्यवहीर्ग इहेरल, मूनि छांशांक বলিলেন, আমি অতিথি দংকার করিবার মানস কবিয়াছি, তুমি তাহা পূর্ণ কর। দেবশিল্পী বিশ্বকর্মা মহর্ষির আদেশ-ক্রমে তৎক্ষণাৎ সুসমুদ্ধ রাজভবন নির্মাণ কবিলেন। এবং ম্বদশা মনোহর বস্ত্র সকল প্রস্তুত করিয়াদিলেন। মহর্ষির যোগবলে নানাবিধ সুস্বাছ অন্ন পানাদি প্রস্তুত চটল। যাহার যাহা অভিকৃতি, তিনি তাহাই প্রাপ্ত হইতে লাগি-লেন। গন্ধর্কগণ বীণাবাদন ও গান করিতে লাগিল। অপারাগণ নৃত্য করিতে লাগিল। ভবত, শত্রুত্ব ও সেনাগৰ ইচ্ছামুরপ পান ভোজন কবিয়া প্রম প্রীত হইলেন এবং মহর্ষির আশ্চর্য্য তপ: প্রভাব দর্শনে বিশায়া-পর হইয়া তাঁহাকে সাধুবাদ করিতে লাগিলেন। তাহারা সে দিবস তথায় বাস করিয়া, রাজ্রি প্রভাত হইলে মুনিকে অভিবাদন পুৰুক তাঁহার উপদেশামুসারে চিত্রকুটের অভি-মথে যাত্রা করিলেন।

ওদিকে রামচন্দ্র প্রিরতমার সহিত গিরি ও বনবিহারার্থ বহির্গত হইয়া তত্রত্য নানা প্রদেশে পর্যাটন করিতে
লাগিলেন। এই স্থানে নানাজাতীয় স্থান্ধি কুস্থম,
বিবিধ তরুলতা, গৈরিকাদি রাগ রঞ্জিত গিরিপ্রদেশ, স্থান্ম
নিকুঞ্জ, স্থান্মি শিলাতল এবং অপূর্ব অরণ্যশোভা সন্দশন করিয়া জনকনন্দিনী আনন্দে পরিপূর্ণ হইলেন।
বামচক্র স্বয়ং বৃক্ষ হইজে নানাবিধ স্থানিতক্র স্বয়ং বৃক্ষ হইজে নানাবিধ স্থানিতক্র স্বয়ং বৃক্ষ হইজে নানাবিধ স্থানিতক্র স্বয়ং বৃক্ষ হ

করিয়া প্রিয়তমার বেশভ্ষা ও গৈরিকাদি স্বারা ললাটে তিলক বিন্যাস করিয়া দিলেন। সীতাদেবীও ব্নাকুস্থমে কন্মালা গাঁথিয়৷ প্রিয়তমের কণ্ঠে অর্পণ করিলেন। উভয়েরই অলোকিক শোভা সম্পত্তি বৃদ্ধি হইল। এইরপ বহক্ষণ বনবিহার করিয়া ঠাঁহারা উভয়ে পর্ণকুটারে প্রতিনিবৃত্ত হইলেন।

এদিকে লক্ষণ দশ্টী মৃগ্ বধ করিয়া তাহার কিঞিৎ
মাংস পাক করিয়া রাখিয়াছিলেন। রামচক্র পর্বকৃটীরে
প্রবিষ্ট হইলে লক্ষণ তাঁহাকে স্বক্তকর্মের পরিচয় প্রদান
করিলেন। তিনি মৃগমাংস দর্শনে প্রীত হইয়া সীতাকে
বলিলেন, প্রিয়ে! তুমি এই মাংস ছারা দেবতা ও ভূতগণের বলি প্রদান করে। সীতা স্বামীর আদেশাত্সারে
ভাহা সম্পাদন করিয়া রাম ও লক্ষণকে ভোজন করাইলেন। পশ্চাৎ আর্শনি যৎকিঞ্ছিৎ আহার করিয়া প্রাণধারণ করিলেন। অবশিষ্ট মাংস শুষ্ক করিবার নিমিত্ত
আতপে প্রদত্ত হইল। সীতা ভর্তার আদেশাত্সারে কাক
হইতে ভাহা রক্ষা করিতে লাগিলেন।

কামরূপী বারস আসিরা সেই মাংস গ্রহণে লোল্প হইয়া নানাপ্রকার চাতৃষ্য করিতে লাগিল। সীঙা-দেবী তাহাকে নিবারণ করিতে লাগিলেন। খৃর্ত্ত বারস নথ চঞ্ ও পক্ষ বারা সীতাকে প্রহার করিল। রামচস্ত্র তদ্ধনে প্রথমে কাককে নিষেধ করিলেন। কিছু সে কোনক্রমে বারণ না মানিয়া প্ররায় সীতাকে বির্দ্ধ করিতে লাগিল। তথম শ্রীরাম ক্রুদ্ধ হইয়া তাহায় দণ্ডবিধানার্থ অমোঘ ঈষিকাস্ত্র পরিত্যাগ করিলেন। কারু
ভীত হইয়া মডোমগুলে উড্ডীন হইল। দেবদত্ত বরপ্রভাবে তাহার গতি সর্ব্বেই অব্যাহত ছিল। কিন্তু নামা
লোকে ভ্রমণ করিয়া কুরাপি আত্মরক্ষণে সমর্থ হইল না।
ঈষিকাস্ত্র তাহার পশ্চাৎ পশ্চাৎ অনুসরণ করিতে লাগিল।
পরিশেবে সেই পক্ষী নিরুপায় হইয়া শ্রীরামের চরণে নিপভিত হইল এবং মনুষ্যবাণী অবলম্বন করিয়া তাহার নিকট
অভয় প্রার্থনা করিল।

কুপামর রামচক্র বলিলেন, রে বিহগ! তুই আমার শরণাগত হইরাছিস, অতএব তোব প্রাণরক্ষা অবশা কর্ত্তবা। কিন্তু আমি যে অন্ত্র পরিত্যাগ করিয়াছি, তাহা বিফল হইবার নহে। যদি তুই একটা অস পরিত্যাগ করিছে পারে। যদি তুই একটা অস পরিত্যাগ করিছে পারে। তথন কাক গত্যন্তর না নাপাইয়া বলিল, আমি একটা নেত্র পরিত্যাগ করিতেছি, আপনি কুপা করিয়া আমার প্রাণ রক্ষা কর্ত্বণ। বিকলাঙ্গ হইয়া জীবিত থাকা মৃত্যু অপেকা শ্রেমন্তর এই কথা কহিয়া কাক মৌনাবলম্বন করিল। জীবকান্ত তাহার একটা চক্ষু বিনাশ করিয়া লিব্ত হইল। কাকও তথা হইতে যথেপিত স্থানে প্রহান করিল।

ওদিকে ভরত সৈন্যগণ সমভিব্যাহারে বনশ্রেণীর রমণীয় শোভা সন্দর্শন করিতে করিতে ক্রমে ক্রমে চিত্র-কুটের সমিহিত হইলেন। সেনাগণের কল কল ধ্বনি

त्रामहत्क्वत अवित्राहत इहेन। तिरह, भामून अवृति খাপদগণ ভীত হইয়া দিগদিগত্তে প্লায়ন করিতে লাগিল। মৃগকুল ব্যাকুল হটয়া উর্দ্ধুৰে চতুর্দিৰে দৃষ্টিক্ষেপ করিতে লাগিল। মাতকুগণ বুংহিভঞ্চি করিয়া নানাদিকে ধাবমান হইল। ঋক্ষণণ বুক্ষ পরিভাগে कत्रिया बनाखरत भनायन कत्रिन। बाानगर विनास्टरत বিলীন হটয়া রহিল। বিহঙ্গমেরা ভয়চকিত হইয়া অস্ত-রীকে উড্ডীন হইতে লাগিল। কিন্নবব্ধরা কন্দর মধ্যে প্রবিষ্ট হইতে লাগিল। রঘুনন্দন আরণ্য সত্ত্বপের এরপ আক্ষিক ভয়ও ক্যোভ দর্শনে বিশ্বিত হইয়া সৌমিত্রিকে তাহার কারণ জানিবার জনা আদেশ করিলেন। আজ্ঞা-মাত্র সৌমিত্রি এক উচ্চতর বুক্ষে আরোহণ পূর্বক ইত-छ । अवरताकन कतिया (पिश्तिन छ छ त पिक् इटें एक হস্তী, অখ, রখ, পদীতি প্রভৃতি কতগুলি দৈন্য তাঁহা-দিগের অভিমুখে আগমন করিতেছে ইহা দেখিয়া তিনি সম্বর বুক্ষ হইতে অবভীর্ণ হইয়া শ্রীরামের নিকটে নিবেদন করিলেন, মহাশয়! কতকগুলি সৈন্য ক্রতবেপে আমা-দিগের অভিমুখে আনিভেছে। অতএব আপনি শীঘ হোমাগ্রি নির্বাণ করিয়া ধনুর্বাণ গ্রহণ করুন আর সীতা-**दिवी अविकास ख**रां छाउँदि अविष्ठे रहेशा ख**र्** जार अब-স্থান করুন।

রামচন্দ্র বলিলেন লক্ষণ ৷ কোন শক্তপক্ষ সংগ্রামার্থ স্বাসন্য হইয়া আসিতেছে, কিছা কোন রাজা মৃগয়ার্থী ছইরা অরণ্যে যাত্রা করিয়াছেন সবিশেষ অবগত না ছইরা সহসা সমরসজ্জা করা বিদেয় নহে। অগ্রে বিশেষ করিয়া জান। পশ্চাৎ সংগ্রামার্থ সজ্জিত হইব। লক্ষ্মণ এই কথা শুনিয়া পুনরায় সেই আগস্তুকগণের অভিমুখে গমন করিলেন। অবিলক্ষে প্রভ্যাগমন পূর্বক রোমভাদ্রাক্ষ হইরা কহিলেন, প্রাতঃ! পিতার হস্তী, অশ্ব, পদাতি প্রভৃতি সেনা সকল আমাদিগের দিকে ধাবমান হই তেন্টে, বোধ হয় আমরা জীবিত থাকিলে গুরাত্মা ভরত অকণ্টকে রাজাভোগ করিতে পাবিবে না, এই ভাবিয়া আমাদিগের বিনালার্থ সদৈনা আগমন করিতেছে। আমি আদা উহাকে সমরলায়ী করিয়া আপনাকে নিঃসপত্ম করিব। ভরত নিহত হইলে আপনি নিক্ষণকৈ রাজাভোগ করিতে

রামচক্র লক্ষণকৈ ক্রুদ্ধ দেবিরা, সান্থনাবাকো ধলিলেন, লক্ষণ! ভরত তোমার কোন অনিষ্ট করেন নাই,
ভূমি কি নিমিন্ত তাঁহার নিধনাকাজনী হইতেছ? আমি
নিশ্চর জানি প্রাত্বৎসল ভরত মনেও আমাদিগের অনিষ্ট
চিন্তা করেন না। তিনি আমাদিগের নির্কাসন ছঃথে
হংবিত হইয়া ক্ষমং আমাদিগকে দর্শন ও সীতাকে গৃহে
প্রত্যানয়ন করিতে আসিতেছেন সম্পেহ নাই। তুমি
অকারণ তাঁহার প্রতি কুপিত হইয়া নির্চুরবাক্য প্ররোগ
করিতেছ কেন ? পুত্র কবন পিত্হত্যা করে না, প্রাতাও
কথন প্রাত্হকা হয় না। বোধ হয় তুমি রাজ্য লালসার

ঈদৃশ লোকবিনিশ্বিত পাপাচরণে প্রবৃত্ত হইতেছ। আমি ভরতকে বণিয়া তোমাকে রাজ্যপ্রদান করাইব। লক্ষণ রামচন্দ্রের বাক্য শ্রবণ করিয়া লক্ষ্যার অধােমুখ হইয়া রহিলেন।

ভরত চিত্রকৃটপর্বতের সরিধানে সেনা সন্নিবেশ করিয়া বশিষ্ঠদেবকে কহিলেন, মহর্বে! আপনি শীষ্ম আমার মাতৃগণকে আনরন করুন। এই বলিয়া শক্রুছের সহিত্ত ভাতার অবেষণে পর্বতে অধিরোহণ করিলেন। স্থমন্ত গুছ ও অন্যান্য স্থহজ্ঞন তাঁহাদের পশ্চাৎ পাশ্চাৎ চলিলেন। কিয়দূর গমন করিয়া ভরত কহিলেন, জ্মাতাগণ! ঐ দেখ অগ্নি প্রজালনার্থ কাষ্ঠ ও মৃগকরীয় সকর সঞ্চিত্ত রহিয়াছে। প্রথানার্থ কাষ্ঠ ও মৃগকরীয় সকর সঞ্চিত্ত রহিয়াছে। প্রথানার্বকার বৃদ্ধাপার লম্মান রহিয়াছে। হোমাগ্রি হইতে ধ্মরাশি অস্তরীক্ষে উপিত হইতেছে। বোধ হয় আশ্রন্থ সার্লিহত হইয়াছি। চল আমরা স্থার শ্রীরামচক্রের আশ্রম অবেষণ করি।

অনস্তর এক মহতী পর্বশালা দৃষ্টিগোচর হইল। ভরত ও শক্রম তথার প্রবিষ্ঠ হইয়া দেখিলেন, রামচন্দ্র জটা-বকলধারী হইয়া সীতা ও সৌমিত্রির সহিত উটজাঙ্গনে আসীন রহিয়াছেন, তদ্ধশিলে মনে ক্রিতে লাগিলেন, হার! ত্রাতা আমার নিমিত্তই সর্বস্থাপে বঞ্চিত হইয়া উদ্ধাহংথাপিবে মগ্ন হইয়াছেন। আমিই ইহঁার সকল ত্থেম হেতু হইয়াছি, আমার ও জীবনে ধিক! যিনি স্লাগ্রম

ধরিজীর রক্ষিতা, যাঁহার সমিধানে সতত চতুর্কিণী সেনা ও সহচরগণ সজ্জিত হটয়। থাকিত, ঘাঁহার দর্শ-নোৎস্থক জনগণে রাজপথ রুদ্ধ হইত, এক্ষণে তিনি বন্য-দৃগগণে পরিবেট্টত রহিয়াছেন। পূর্ব্ধে যে অক্ষে পরিচারক-পণ স্থ্রভিচন্দনাদি গন্ধ জব্য লেপন করিত, এক্ষণে সেই শরীর ধূলিধূষ্রিত হইতেছে। এরূপ চিস্তা করিয়া শ্রীরামের চরপ্যুগণ গ্রহণ পূর্ব্ধক বাম্পরুদ্ধকণ্ঠ হা আর্যা! এই বলিয়া স্তন্ধ হইয়া রহিলেন। শত্রুম্ব রোক্ষামান হইয়া রামচন্দ্রের পাদপত্মে পভিত হইলেন।

শ্ৰীরামচন্দ্র তাঁহাদিগকে আলিঙ্গন করিয়া অঞ্চনোচন
পূর্বক বলিলেন ভাতঃ । তুমি র্দ্ধ পিতা মাতা ও রাজ্য
সম্পত্তি পরিত্যাপ করিয়া অরণ্যে আগমন করিয়াছ কেন ।
তোমাকে সহসা সমাগত দেখিয়া আমার মনে নানা
অনিষ্ট শহার উদয় হইডেছে। শীঘ্র অযোধ্যার কুশল
কার্ত্তা বলিয়া আমার উৎক্তিত চিতকে হছির কর।

ভরত কুতাঞ্জলি হইয়া বাষ্পগদানস্বরে ক্ষহিলেন,
ভ্রাতঃ । আপনি রাজ্য পরিত্যাগ করিয়া অরণ্যে আগমন
করাতে বহু অনর্থ ঘটয়াছে। আপনার বিয়োগে পিতা
প্রপ্রত্যাগ করিয়াছেন, মাতৃগণ অপার হঃখসাগরে
নিম্ম হইয়াছেন, প্রভারা অনাথ হইয়াছে, রাজ্য বিশ্ভাল হইবার উপক্রম ঘটয়াছে। এই বলিয়া রোছন
করিতে লাগিলেন। রামচক্র পিতার মৃত্যুহ্ভান্ত শ্রবণে
প্রকাস্ক অধীর হইয়া ক্ষিতিতলে পতিত ও মৃদ্ধিত

ছইলেন। কিয়ংক্ষণ পরে মৃচ্ছাভিক হইলে, হা'পিত:! ছা পুত্রবংসল! আপনি আমার নিমিত্ত প্রোণত্যাগ করিলেন। কিন্তু আমি আপনার এমনি কুপুত্র জন্মিয়াছিলাম যে, আপনার অন্তকালে পুত্রোচিত কোন কার্য্য করিছে পারিলাম না। এইরূপে বিলাপ করিতে লাগিলেন। সৌনিত্রি ও দীতা শোকার্ত্ত হইয়া উচ্চৈঃস্বরে ক্রেন্সন করিতে লাগিলেন।

छश्र छित्र (नर्गार्ग महना (शामनश्रवनि अंदर क्रिश সেই শকাভিমুখে ধাৰমান হইল। স্থমন্ত প্ৰভৃতি সচিব-গণ রামচন্দ্র ও লক্ষণকে সান্ত্রনা করিতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে শ্রীরাম শোকাবেগ সম্বরণ পূর্বক ভাতৃগণের শহিত মৃদ্যাকিনীতীরে গমন করিয়া পিতার পিণ্ডোদক-ক্রিয়া সম্পন্ন করিলেন। অনন্তর রোরুদামান ভরত ও লক্ষণের হতথ।রণ পূর্বীক পর্ণকুটীরে প্রত্যাগমন করিলেন। ইতাবদরে বীশিষ্ঠদেব রাজমহিষীদিগকে সঙ্গে করিয়া শ্রীরামের নিকট উপস্থিত হইলেন। রামচক্র ও লক্ষ্মণ বশিষ্ঠদেবকে প্রণাম করিয়া মাতৃগণের চরণে প্রণত হই-লেন। তাঁহারা প্রদিগকে আলিঙ্গন ও মস্তকাছাণ করিয়া যেন পুনর্জীবিত হইলেন। সীতা অশ্রুপূর্ণনয়নে খশদিগকে নমস্কার করিলেন। কৌশল্যা ভাঁহাকে আশীর্কাদ করিয়া বলিলেন, হা বংসে ভানকি। তুমি রাজনন্দিনী ও রাজবধূ হইয়া এই হঃসহ বনবাসক্রেশ সহঃ করিতেছ। এইরূপে বিলাপ করিতে লাগিলেন।

ভরত বদ্ধাঞ্জনি হইয়া রামচক্রকে বলিলেন, আর্য্য!
আমার মাতা রাজ্যলোভের পরহন্ত হইয়া এই অ্যশস্কর
পাপকর্ম করিয়াছেন। পিতাও বার্দ্ধকা প্রযুক্ত মৃশ্ধ
হইয়া তদ্বিয়ে সম্মতি প্রদান করিয়াছিলেন। আমি
ইহার কিছুই জানি না। আপনি আমার প্রতি প্রসন
হইয়া অপরাধ মার্জ্জনা করুন এবং অ্যোধ্যায় গমন করিয়া
রাজ্যভার গ্রহণ পূর্বক পিতা মাতাকে সেই কলম্ক হইতে
মুক্ত করুন। আমি আপনার প্রতিনিধি হইয়া এই
অরণ্যে চতুর্দ্দশ বৎসর বাস করি। এই বলিয়া রোদন
করিতে লাগিলেন।

রামচন্দ্র বলিলেন, লাতঃ! মন্ত্রা স্বেচ্ছাধীন হইরা কোন কর্মা করিতে পারে না। সকলই অদৃষ্টপরবশ। জগতের কোন পদার্থই চিরস্থায়ী নহে। উৎপৃত্তি হইলেই বিনাশ হয়। অহরহঃ জীবগণের আয়ুংক্ষয় হইতেছে। অতএব অনাের নিমিত্ত শােক না করিয়া আপনার ইষ্ট চিস্তা কর। পিতা অশেষবিধ পুণাকর্মা লারা সদগতি লাভ করিয়াছেন, তাঁহার নিমিত্ত শােক করা কর্ত্তরা নহে। তিনি তােমাকে এবং আমাকে যে আজা করিয়া গিয়াছেন তাহা প্রতিপালন করা অবশ্য কর্ত্তর। তাহার অন্যথা-চরণ করিলে পাপগ্রস্ত হইতে হইবে। প্রতিজ্ঞাপালনে আমাকে নিষেধ করিও না। আর মাতা কৈকেয়ীকেও নিন্দা করা তােমার কর্ত্তব্য নহে। তুমি অযোধাায় প্রতি-গমন করিয়া পিতৃআজ্ঞা প্রতিপালন করে।

রামচন্দ্রের ন্যয়ামুগত বাক্যে প্রীত হইরা সকলেই সাধুবাদ করিতে লাগিলেন। ভরত পুনর্কার ভ্রাতাকে বলি-লেন, মহাশয় ! আপনি বিশ্বান ও রাজধর্মজ হইয়া আমাকে এরূপ আদেশ করিতেছেন কেন? জ্যেষ্ঠসত্ত্ব কনিষ্ঠল্রাতা কিরূপে রাজ্যাধিকারী হইবে? আমার এরণ ক্ষমতা নাই যে আমি সেই হুর্বহ রাজ্যভার বহনে সমর্থ হইব। অতএব আপনি আমার প্রতি কুপা করিয়া রাজ্যপদ গ্রহণ করুন। এইরূপে আগ্রহ করিতে লাগি-লেন। মহর্ষি জাবালি জ্রীরামকে সম্বোধন করিয়া বলি-লেন, হে রঘুকুলতিলক। তুমিই যথার্থ দৃঢ়ব্রত ও যথার্থ সাধু। তোমার তুল্য গান্ডীর্যাশালী দ্বিতীয় ব্যক্তি দৃষ্টি-গোচর হয় না। তোমার মন ইতরজনের ন্যায় বিপদে বিষয় ও সম্পদে উল্লাসিত হয় না। তোমার পিতা ভরতকে রাজ্যদান করিয়া গিয়াছেন। সেই ভরত স্বয়ং ভোমাকে রাজ্য গ্রহণ করিতে অমুরোধ করিতেছেন, রাজ্য-গ্রহণ করিলে তোমার পিতৃসতা উল্লন্থন জন্য অধর্মভাগী হইবার সম্ভাবনা নাই। তুমি অকারণ ক্লেশ স্বীকারে প্রবৃত্ত হইতেছ কেন? কেহ কাহার স্থ ও ছঃথের ভাগী হয় না। সকল লোকেই স্বার্থসাধনে তৎপর। পিতাও লোভপরবশ হইয়া পুত্রকে এবং ভ্রাতাও ভ্রাতাকে পরিত্যাগ করে। **अठीक मृनि धनालां जुक इहेश्रा निअश्**क खनः त्मकरक বিক্রম্ব করিয়াছেন। যদি তুমি এরপ মনে কর পিতৃসত্য লজ্মন করিলে পিতা ক্রেছে হইয়া ভং সনা করিবেন তাহার

সম্ভাবনা নাই। তিনি লয়প্রাপ্ত হইয়াছেন, এক্ষণে আর তাঁহার সহিত কোন সম্পর্ক নাই। মনুষ্য একাই জন্ম গ্রহণ করে, একাই বিনম্ভ হয়, কেহই তাহার সহগামী হয় না। অতএব পরের নিমিত্ত এই অরণ্যবাসক্ষেশ স্বীকার না করিয়া সচ্চদের রাজ্যভোগ কর।

রামচন্দ্র জাবালির এইরূপ বাকা প্রবণ করিয়া বলি-লেন, মহর্ষে! বাগ্মী ব্যক্তিরা লোকের প্রীতিবিধানার্থ বাক্চাতুর্য্য দারা অকর্ত্তব্যকে কর্ত্তব্য, অপথ্যকে পথ্য ও অধর্মকে ধর্ম বলিয়া প্রতিপাদন করিতে পারেন; তাহা আশ্চর্যা নছে। কিন্তু চরিত্র কথন মপ্রকাশিত থাকে না। অধান্মিক ব্যক্তি ধর্মা কঞ্চক ধারণ করিলে দীর্ঘকাল ধার্মিক ৰলিয়া পরিগণিত হয় না। আমি যদ্যপি এই লোকনিন্দিত কার্য্যে প্রবৃত্ত হই, তাহা হইলে সাধুলোকে আমাকে অবশাই ছুরাচার ও কুলপাংশুল বলিয়া ঘুণা করিবেন। জগতে সতাই পরম ধর্ম, সতাই দৈবত, সতাই পরম তপস্যা। মহর্ষিরা কেবল সভ্যেরই উপাসনা করেন। 🕮 নিয়তই সতো বাদ করেন। সতাবাদী সর্বত্র প্রতিষ্ঠিত হয়। আমি পিতৃআজ্ঞা লজ্ফন করিয়া সেই সনাতন সভাধন্ম বিলুপ্ত করিতে পারিব না। আপনি আমাকে এইরূপ আজ্ঞা কবিবেন না।

বশিষ্ঠদেব শ্রীরামের বাক্য শ্রবণে পরিতৃষ্ট হইয়া বলি-লেন, র্ঘুক্মার! মহাতপা জাবালি লোকগতি ও ধন্মাধন্ম জানেন না এমত নহে উনি তোমাকে গৃহে প্রতিনির্ভ করিবার জন্য এরূপ প্রবৃত্তিজনক বাক্য বলিতেছেন। আর আমিও বলিতেছি তুমি ভরতের প্রতি অনুকূল হইয়া রাজ্য-ভার গ্রহণ কর। শ্রীরাম কোন ক্রমেই রাজ্যগ্রহণে সম্মত হইলেন না।

ভরত অত্যন্ত হ:থিত হইয়া বলিলেন, সুমন্ত্র তুমি স্থালি ভূমিতে কুশদংস্তর প্রস্তুত কর; যে পর্যান্ত রামচন্দ্র অযোধ্যাগমনে উনাপ না হন, দে পর্যান্ত আমি নিরাহার হইয়া এই স্থানে স্থিতি করিব। এই বলিয়া কুশাসনে শয়ন করিয়া রহিলেন। অমাত্যগণ ভরতকে তাদৃশাবস্থ দেখিয়া বলিলেন, নুপনন্দন! আপনি এরপ মিণ্যা প্রয়াস করিতেছেন কেন ? গাত্রোখান করুন। বুক্ষগণই বায়ুবেগে চালিত হয়, শৈল কথন সঞালিত হয় না। প্রোনিধি স্থীর মার্যাদা অতিক্রম করে না। মহার্ণব কখন শুদ্ধ হয় না। আমরা কি করিব, রামচন্দ্র কোন ক্রমেই সতাব্রত ছইতে বিচলিত হইবেন না। আপনি অযোধাায় প্রতিগমন করন। রামচতে বলিলেন ভরত। তুমি জ্ঞানবান হইয়া অজ্ঞানের কর্ম করিতেছ কেন? সূর্দ্ধাভিষিক্তদিগের প্রায়োপবেশন অবিধেয়। তুমি রাজ্য গ্রহণ না করিশে পিতা অনুত্বাদী হইবেন। অতএব আমি অনুরোধ করি-তেছি তুমি অযোধ্যায় গিয়া স্থথে রাজ্যভোগ কর।

ভরত শ্রীরামের বাক্যে নিতান্ত হতাশ হইরা কৃতাঞ্জলি-পুটে বলিলেন, লাতঃ। আমি একাকী কি রূপে এই বিশাল রাজ্য রক্ষা করিব। কি রূপে বা প্রজাপুঞ্জের

অমুরঞ্জন করিব। জ্ঞাতি, অমাত্য ও সুহাদবর্গ আপনা-তেই অমুরক্ত। আপনি রাজপদে অধিরাঢ় ছইলে সক-লেই সুখী হয়। এই বলিয়া তাঁহার পদতলে পতিত হুইলেন। রামচন্দ্র ভরতকে প্রবোধবাকো বলিতে লাগিলেন, ভাতঃ। তুমি এত চিস্তিত হইতেছ কেন? তোমার স্বাভাবিক যে বিনয় ও বুদ্ধি আছে তাংতে তুমি ত্রিলোকেরও আধিপতা করিতে পার, বিশেষতঃ কুলগুরু বশিষ্ঠদেব ও পিতার অমাত্যবর্গ সর্বদা তোমার সরিহিত থাকিবেন। উভাদিগের উপদেশ গ্রহণ করিয়া রাজা রফা করিলে কোন বিম্ন হটবার সম্ভাবনা নাই। তুমি স্কল্কে স্মভিবাহারে ল্ইয়া অযোধ্যায় গমন কর। ভরত অবোধাাগমনে সম্মত হইয়া বলিলেন, যদি একা-ন্তই আমাকে রাজ্যরক্ষা করিতে হয়, তবে আপনি স্বীকার কক্তন যে এই রাজ্য আমার নিকটে ন্যাসরূপে অপণ করিলেন। আমি চতুর্দশ বৎসর আপনার প্রতীক্ষায় রাজ্যরকা করিব। এইরূপ কথোপকথন হইতেছে এমন সময়ে শরভঙ্গ মুনির শিষ্য আদিয়া রামচক্রকে উপায়ন चक्र क्रमेशोक्का अनान कतिलान। विश्वित्तव विलालन, ভরত! এই কুশপাত্কা রামচন্দ্রের চরণস্পৃষ্ট করিয়া গ্রহণ কর। ইহা সিংহাসনে নিবেশিত করিয়া তুমি প্রতিনিধি স্বরূপ হইয়া বাজ্য পালন করিবে।

ভরত তথাস্ত বলির। কুশপাত্কা মস্তকে গ্রহণ পূর্ব্বক দৈন্য সামস্ত সমভিব্যাহারে অযোধ্যার গমন করিবেন। তথায় স্থির হইতে না পারিয়া নন্দিগ্রামে গেলেন এবং দেই কুশপাত্কা সিংহাসনে রাথিয়া রাজত্ব করিতে লাগিলেন।

मम्पुर्व।